<u>কেবলমাত্র সরকারি কাজে ব্যবহার্য</u>

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**প্লট- এফ ১/এ, আগারগাঁও,**
**শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।**

# ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের জন্য নির্দেশনা

**মূল্য সংযোজন কর অনুবিভাগ**

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**প্লট- এফ ১/এ, আগারগাঁও,**
**শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।**

**[ ভ্যাট বিভাগ ]**

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০২.১৬/১৪৮, তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেটে আনীত পরিবর্তনের ফলে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিষয়ে করণীয় সংক্রান্ত নির্দেশনা।**

বাংলাদেশে রাজস্ব আদায়ের গুরুত্বপূর্ণ খাতসমূহের মধ্যে মূল্য সংযোজন কর (মূসক) বা ভ্যাট খাত অন্যতম। কর-জিডিপির অনুপাত বৃদ্ধি, দেশীয় শিল্প বিকাশে সহায়তা প্রদান, কাঙ্ক্ষিত রাজস্ব প্রবৃদ্ধি অর্জন, নতুন কর্মসংস্থান সৃষ্টি, বিদেশী বিনিয়োগ আকর্ষণ, ব্যবসা-বান্ধব পরিবেশ সৃষ্টি, Compliance Gap হ্রাস, ভ্যাটের হিসাবরক্ষণ পদ্ধতি সহজীকরণ ইত্যাদি বিষয়গুলো এ বছর বাজেট প্রণয়নের মূল কৌশল হিসেবে গ্রহণ করা হয়েছে। আগামী ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য মূল্য সংযোজন কর খাতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ২,২৩,৪৮০ (দুই লক্ষ তেইশ হাজার চারশত আশি) কোটি টাকা। এ বিশাল লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে গৃহীত কার্যক্রমসমূহের উল্লেখযোগ্য অংশ নিম্নরূপ:

**০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও উহার তফসিলসমূহে নিম্নোল্লিখিত সংশোধনীসমূহ আনা হয়েছে:**

**(ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সংশোধনীসমূহঃ**

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | ধারা ২ এর দফা (১৮ক) এর সংশোধন | ধারা ২ এর দফা (১৮ক) এর উপ-দফা (ক) এর প্রারম্ভে উল্লিখিত "শ্রম," শব্দ ও কমা বিলুপ্ত করা হয়েছে; | ব্যবসা বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এই সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ২. | ধারা ২ এর দফা (৩০) এর সংশোধন | ধারা ২ এর দফা (৩০) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৩০) প্রতিস্থাপিত করা হয়েছে, যথা:<br>"(৩০) "কর মেয়াদ" অর্থ—<br>(ক) মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্কের ক্ষেত্রে, খ্রিষ্টীয় বর্ষপঞ্জিতে চিহ্নিত এক মাস; বা<br>(খ) টার্নওভার করের ক্ষেত্রে, চতুর্মাস সময়কাল, যাহা এপ্রিল ৩০, আগস্ট ৩১ বা ডিসেম্বর ৩১ এ সমাপ্তি ঘটে।"; | ব্যবসা বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে কর মেয়াদে সংজ্ঞায় এই সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ৩. | **ধারা ২ এর দফা (৪৮) বিলুপ্তকরণ** | ধারা ২ এর দফা দফা (৪৮) বিলুপ্ত করা হয়েছে। | ভ্যাটের আওতাবৃদ্ধি এবং ক্ষুদ্র ও খুচরা ব্যবসায়ীদের কর নেটের আওতায় আনায়নের লক্ষ্যে এই বিধান করা হয়েছে। |
| ৪. | **ধারা ২ এর দফা (৭৬) এর পর নূতন দফা (৭৬ক) সন্নিবেশ** | ধারা ২ এর দফা (৭৬) এর পর নিম্নরূপ নূতন দফা (৭৬ক) সন্নিবেশ **করা হয়েছে**, যথা:-<br>"(৭৬ক) "ব্যবসায়ী" বলিতে এমন ব্যক্তিকে বুঝাইবে যিনি তৎকর্তৃক আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের কোনরূপ আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট্য বা গুণগত পরিবর্তন না করিয়া পণের বিনিময়ে অন্য কোন ব্যক্তির নিকট বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করেন;"। | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে এই সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ৫. | **ধারা ৪ এর উপ-ধারা (২) এর পর নূতন উপ-ধারা (৩) সংযোজন** | আইনের ধারা ৪ এর উপ-ধারা (২) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৩) সংযোজন করা হয়েছে, যথা:-<br>"(৩) উপ-ধারা (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN) বা তালিকাভুক্তির প্রমাণক বাধ্যতামূলকভাবে উপস্থাপন করিতে হইবে, যথা:-<br>(ক) যে কোন ব্যবসায় প্রতিষ্ঠান কর্তৃক কোন ব্যাংক বা NBFI বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠানে চলতি হিসাব বা STD হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে;<br>(খ) যে কোন ব্যাংক বা NBFI বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান হইতে ঋণ গ্রহণের ক্ষেত্রে;<br>(গ) ট্রেড লাইসেন্স নবায়নের ক্ষেত্রে;<br>(ঘ) কোন Mobile Financial Services (MFS) এর Marchant Account খোলার ক্ষেত্রে;<br>(ঙ) বাণিজ্য সংগঠনের সদস্য পদ | ভ্যাটের আওতা এবং কর নেট বৃদ্ধির লক্ষ্যে এই বিধান করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | গ্রহণ বা নবায়নের ক্ষেত্রে;<br>(চ) কোন প্রতিষ্ঠানের নামে বিদ্যুৎ ও গ্যাস সংযোগ গ্রহণের ক্ষেত্রে; এবং<br>(ছ) বিআরটিএ হইতে ব্যবসা প্রতিষ্ঠানের নামে যানবাহনের রেজিস্ট্রেশন গ্রহণের ক্ষেত্রে। | |
| ৬. | **ধারা ১০ এর প্রতিস্থাপন** | ধারা ১০ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১০ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>**"১০। তালিকাভুক্তিযোগ্য ব্যক্তি ও তালিকাভুক্তি**।-(১) যদি কোন ব্যক্তি অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা করিয়া ১২ মাসের শেষে যদি নিবন্ধনসীমা অতিক্রম না করেন, তাহা হইলে উক্ত ব্যক্তি উক্ত সময় সমাপ্ত হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে, টার্নওভার করদাতা হিসাবে তালিকাভুক্তির জন্য নিকট eVAT সিস্টেমে আবেদন দাখিল করিবেন।<br>(২) eVAT সিস্টেম হইতে স্বয়ংক্রিয়ভাবে যাচাইঅন্তে যথাযথ আবেদন হিসেবে বিবেচিত হইলে নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে, উক্ত ব্যক্তিকে টার্নওভার করদাতা হিসেবে তালিকাভুক্ত করিয়া ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা সম্বলিত টার্নওভার কর সনদপত্র প্রদান করিবেন।" | ভ্যাট ব্যবস্থার আধুনিকায়ন ও শতভাগ অনলাইন ভিত্তিক নিবন্ধন ব্যবস্থা প্রনয়নের লক্ষ্যে এ বিধান প্রনয়ণ করা হয়েছে। |
| ৭. | ধারা ১১ এর উপ-ধারা (১) এর সংশোধন | আইনের ধারা ১১ এর উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"(১) তালিকাভুক্ত ব্যক্তি যদি অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা বন্ধ করিয়া দেন, তাহা হইলে তাহার টার্নওভার কর তালিকাভুক্তি বাতিলের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নির্ধারিত সময়সীমা, শর্ত ও পদ্ধতিতে, আবেদন করিতে পারিবেন।" | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে এই প্রতিস্থাপন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
| --- | --- | --- | --- |
| ৮. | **ধারা ২০ এর প্রতিস্থাপন** | ধারা ২০ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ২০ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>**"২০। আমদানিকৃত সেবার উপর মূল্য সংযোজন কর আরোপ ও আদায়।-** (১) এই আইনের অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, প্রথম তফসিলে বর্ণিত অব্যাহতিপ্রাপ্ত সেবাসমূহ ব্যতীত বাংলাদেশে আমদানিকৃত সকল সেবা করযোগ্য সরবরাহ হিসেবে বিবেচিত হইবে এবং উক্ত সরবরাহের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর হইবে শতকরা ১৫ (পনের) ভাগ।<br>(২) আমদানিকৃত সেবা সরবরাহের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধের দায়ভার সেবা সরবরাহ গ্রহণকারীর উপর বর্তাইবে।<br>(৩) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, আমদানিকৃত সেবার ক্ষেত্রে যদি কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি বাংলাদেশের অভ্যন্তরে নির্দিষ্ট কোন স্থান হইতে এবং বাংলাদেশের বাহিরে এক বা একাধিক নির্দিষ্ট স্থান হইতে অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা করেন, সেই ক্ষেত্রে-<br>(ক) উক্ত ব্যক্তিকে বাংলাদেশের অভ্যন্তরে এবং বাহিরে পরিচালিত করযোগ্য কার্যক্রমের ক্ষেত্রে দুইজন পৃথক ব্যক্তি হিসাবে গণ্য হইবে;<br>(খ) বাংলাদেশের বাহিরে অবস্থিত ব্যক্তি বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত ব্যক্তির নিকট সেবার প্রকৃতিবিশিষ্ট সুবিধা সম্বলিত সেবা প্রদান করিয়াছে বলিয়া গণ্য হইবে, যাহা বাংলাদেশের বাহিরে অবস্থিত ব্যক্তি কর্তৃক পরিচালিত কার্যক্রমের মাধ্যমে বা ফলশ্রুতিতে বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত ব্যক্তি কর্তৃক প্রাপ্ত হইয়াছে;<br>(গ) সেবা সরবরাহ করা হইয়াছে | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিত জটিলতা নিরসন ও ব্যবসা বাণিজ্য সহজীকরণ এবং আমদানিকৃত সেবার উপর মূল্য সংযোজন কর আরোপ ও আদায় পদ্ধতি আরো সহজীকরণের লক্ষ্যে এই সংশোধন আনায়ন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | উহা অনুমান করিয়া সরবরাহের সময় নির্ধারণ করা হইবে; এবং<br><br>(ঘ) সেবা সরবরাহ বাংলাদেশের বাহিরে অবস্থিত কোন অনাবাসিক ব্যক্তি কর্তৃক বাংলাদেশে অবস্থিত কোন সহযোগীর নিকট প্রদান করা হইয়াছে অনুমান করিয়া উহার মূল্য নির্ধারণ করা হইবে।<br><br>(৪) সংশ্লিষ্ট সেবা আমদানির ক্ষেত্রে সেবামূল্যের আংশিক বা পূর্ণমূল্য পরিশোধের সংশ্লিষ্ট ব্যাংক বা অন্যকোন আর্থিক প্রতিষ্ঠান বা অনুমোদিত বৈদেশিক মুদ্রা লেনদেনকারী প্রতিষ্ঠান প্রযোজ্য মূল্য সংযোজন কর উৎসে কর্তন করিয়া অবশিষ্ট অর্থ সেবা সরবরাহকারীকে পরিশোধ করিবেন।<br><br>(৫) উৎসে মূসক কর্তনকারী ব্যাংক বা অন্যকোন আর্থিক প্রতিষ্ঠান বা অনুমোদিত বৈদেশিক মুদ্রা লেনদেনকারী কর্তিত মূল্য সংযোজন কর, সেবা আমদানিকারকের পক্ষে “ট্রেজারি চালান” এর মাধ্যমে সরকারি কোষাগারে পরিশোধ করিয়া তাহার দাখিলপত্রে প্রদর্শন করিবেন।<br><br>(৬) পরিশোধের পরবর্তীতে ইস্যুকৃত “ট্রেজারি চালান” এর একটি কপি সেবা আমদানিকারকে কর পরিশোধের প্রমাণক হিসেবে প্রদান করিবেন, যাহা সেবা আমদানিকারকের জন্য একটি কর চালানপত্র হিসেবে বিবেচিত হইবে।<br><br>(৭) কোন নিবন্ধিত সেবা আমদানিকারক কর্তৃক আমদানিকৃত সেবা, আইনের উপকরণ কর সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান পরিপালন সাপেক্ষে উপকরণ কর হিসেবে বিবেচিত হইবে এবং উপকরণ কর রেয়াত গ্রহণের জন্য নির্ধারিত বিধান | |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | অনুযায়ী তিনি উপকরণ কর রেয়াত প্রাপ্য হইবেন।” | |
| ৯. | ধারা ৩২ এর সংশোধন | ধারা ৩২ এর উপ-ধারা (৫) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৬) সংযোজন করা হয়েছে, যথা:-<br><br>“(৬) প্রজ্ঞাপন দ্বারা স্থানীয় উৎপাদন পর্যায়ে কোন পণ্যের সম্পূর্ণ বা আংশিক অব্যাহতি থাকিলে উৎপাদন পরবর্তীতে যে কোনো সরবরাহকালে পূর্বের ক্রয়ের চালানপত্র থাকা সাপেক্ষে শুধুমাত্র প্রকৃত সংযোজনের বিপরীতে ১৫ শতাংশ হারে মূল্য সংযোজন কর পরিশোধ করিতে পারিবে, তবে, এইরূপ পণ্য সরবরাহের ক্ষেত্রে নিবন্ধিত ও তালিকাভুক্ত ব্যক্তি কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নির্ধারিত পদ্ধতিতে সহগ ঘোষণা দাখিল করিতে হইবে।” | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসন ও ব্যবসা বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে ব্যবসায়ী পর্যায়ে প্রকৃত সংযোজনের উপর ভ্যাট প্রদানের নিমিত্ত এ বিধান প্রননয় করা হয়েছে। |
| ১০. | ধারা ৪৬ এর সংশোধন | ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর-<br><br>(অ) দফা (গ) এ উল্লিখিত “বিল অব এন্ট্রির” শব্দগুলির পরিবর্তে “পণ্য ঘোষণার” শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে;<br><br>(আ) দফা (ড) এর প্রারম্ভে “বোর্ড কর্তৃক নির্ধারিত ক্ষেত্র ও” শব্দগুলি সন্নিবেশ করা হয়েছে; এবং<br><br>(ই) দফা (ণ) এর পর নিম্নরূপ নূতন দফা (ত) সংযোজন করা হয়েছে, যথা:-<br><br>“(ত) ধারা ৩২ এর উপ-ধারা (৬) এর আওতায় ঘোষিত উপকরণ বা পণ্যের বিপরীতে পরিশোধিত উপকরণ কর।”;<br><br>(খ) উপ-ধারা (২) এর দফা (ঘ) বিলুপ্ত করা হয়েছে | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে এই দফা সংযোজন করা হয়েছে। |
| ১১. | ধারা ৫৮ এর প্রতিস্থাপন | ধারা ৫৮ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৫৮ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:- | তামাকজাত দ্রব্য থেকে কর আদায়ে সনাতন পদ্ধতির পরিবর্তে ডিজিটাল পদ্ধতির |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | "**৫৮। বিশেষ পরিকল্প (special scheme)।–** (১) বাংলাদেশে প্রস্তুতকৃত বা বাংলাদেশে বিক্রয়ের উদ্দেশ্যে আমদানিকৃত সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যের উপর সম্পূরক শুল্ক আরোপ এবং আদায়ের উদ্দেশ্যে বোর্ড, এই আইন বা তদ্‌ধীন প্রণীত বিধানাবলী সাপেক্ষে, উক্ত পণ্যের আমদানিকারক, প্রস্তুতকারক ও সরবরাহকারীর জন্য বিশেষ পরিকল্প প্রণয়ন করিতে পারিবে।<br><br>(২) উক্ত বিশেষ পরিকল্প দ্বারা বোর্ড উক্ত পণ্য সরবরাহের শর্ত ও সীমা আরোপসহ সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ করিতে পারিবে এবং উক্ত মূল্য মূসক এবং সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য হিসাবে গণ্য হইবে।<br><br>(৩) উক্ত বিশেষ পরিকল্পে নিম্নবর্ণিত বিষয় অন্তর্ভুক্ত করা যাইবে, যথা:-<br><br>(ক) উক্ত পণ্যের মোড়ক, বোতল, পাত্র বা ধারকে বা উহার গায়ে সরকার নির্ধারিত ওজন, পরিমাণ নিশ্চিতের পাশাপাশি বাধ্যতামূলক নিরাপত্তামূলক বৈশিষ্ট্য সম্বলিত ট্যাক্স স্ট্যাম্প, ডিজিটালাইজড ব্যান্ডরোল, কিউআর কোড বা এআর কোড বা আরএফআইডি বা পারফোরেশন বা বিশেষ চিহ্ন বা বিশেষ আকারের এবং ডিজাইনের ছাপ সংক্রান্ত বা অনুরূপ কোন বিষয়; এবং<br><br>(খ) উক্ত ট্যাক্স স্ট্যাম্প, ডিজিটালাইজড ব্যান্ডরোল, কিউআর কোড বা এআর কোড বা আরএফআইডি বা পারফোরেশন বা বিশেষ চিহ্ন বা ছাপের প্রস্তুতকরণ, অর্জন, বিতরণ, সংরক্ষণ, ব্যবহার, তদারকি, পর্যবেক্ষণ, হিসাব-নিকাশ, নিষ্পত্তিকরণ, ইত্যাদি সংক্রান্ত বা অনুরূপ কোন বিষয়।"। | প্রবর্তন করা হলে কর ফাঁকি কমবে এবং সকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। একইসাথে তামাক ও অ্যালকোহল জাতীয় পণ্যের ন্যায় পর্যায়ক্রমে অন্যান্য পণ্যকেও বিশেষ পরিকল্পের আওতায় আনয়নের লক্ষ্যে লক্ষ্যে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১২. | ধারা ৬৩ এর উপ-ধারা (১) এর সংশোধন | ধারা ৬৩ এর উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপে উপ-ধারা (১) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"(১) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত সীমা ও শর্ত সাপেক্ষে, অঞ্চল ভিত্তিক অর্থনৈতিক কার্যক্রমের ধরন অনুযায়ী খাত ভিত্তিক সুনির্দিষ্ট পরিমাণ টার্নওভার কর নির্ধারণ করিতে পারিবে, যাহা ২ (দুই) লক্ষ টাকার অধিক হইবেনা, এবং তালিকাভুক্ত বা তালিকাভুক্তিযোগ্য ব্যক্তি তাহার অর্থনৈতিক কার্যক্রমের উপর উক্ত টার্নওভার কর প্রদান করিবেন।"। | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণ, করনেট বৃদ্ধি ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |
| ১৩. | ধারা ৬৪ এর প্রতিস্থাপন | ধারা ৬৪ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৬৪ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"**৬৪। দাখিলপত্র পেশ**।- (১) প্রত্যেক নিবন্ধিত বা তালিকাভুক্ত বা নিবন্ধনযোগ্য বা তালিকাভুক্তিযোগ্য ব্যক্তিকে নির্ধারিত পদ্ধতিতে প্রতি তিন কর মেয়াদ সমাপ্তির অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে দাখিলপত্র পেশ করিতে হইবে, তবে ১৫ (পনেরো) তম দিবসে সরকারি ছুটি থাকিলে তৎপরবর্তী কার্যদিবসে দাখিলপত্র পেশ করিতে হইবে:<br>তবে শর্ত থাকে যে, কোনো সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থা, ব্যাংক, বীমা এবং শূন্য রিটার্ন দাখিলকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রতি তিন কর মেয়াদ সমাপ্তির অনধিক ২০ দিনের মধ্যে দাখিলপত্র পেশ করিতে পারিবে।<br>(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কোন নিবন্ধিত বা তালিকাভুক্ত বা নিবন্ধনযোগ্য বা তালিকাভুক্তিযোগ্য ব্যক্তি ইচ্ছা পোষন করিলে প্রত্যেক কর মেয়াদে স্বেচ্ছায় পরবর্তী করমেয়াদের যেকোন দিনে দাখিলপত্র পেশ করিতে পারিবে। | শতভাগ অনলাইন রিটার্ন দাখিলের পাশাপাশি মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণ ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনায়ন করা হয়েছে। |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td></td><td></td><td>(৩) উপ-ধারা (১) এর অধীন নির্ধারিত পদ্ধতিতে প্রতি তিন কর মেয়াদ সমাপ্তির পর দাখিলপত্র পেশ করিলেও পূর্ববর্তী তিন কর মেয়াদের প্রদেয় করের সমষ্টির এক তৃতীয়াংশ, কর মেয়াদ সমাপ্তির অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে এবং তৃতীয় কর মেয়াদে প্রকৃত প্রদেয় করের হিসাব করিয়া ক্ষেত্রমত, ট্রেজারি চালান জমা প্রদানপূর্বক দাখিলপত্রের নির্ধারিত কলামে প্রদর্শন করিতে হইবে।<br><br>(৪) এই ধারার অন্যান্য বিধানে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, জনস্বার্থে, বোর্ড, আদেশ দ্বারা, সুদ ও জরিমানা ব্যতীত, দাখিলপত্র পেশের সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে।<br><br>(৫) মূসক দাখিলপত্রে সম্পূরক শুল্ক পরিশোধের তথ্যাদি অন্তর্ভুক্ত করিয়া উক্ত দাখিলপত্র পেশ করিতে হইবে।<br><br>(৬) বোর্ড, আদেশ দ্বারা, কোন নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির ক্ষেত্রে ইলেকট্রনিক মাধ্যমে দাখিলপত্র পেশ বাধ্যতামূলক করিতে পারিবে।”</td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>ধারা ৮৫ এর উপ-ধারা (১) এর সংশোধন</td><td>ধারা ৮৫ এর উপ-ধারা (১) এ উল্লিখিত সারণীর-<br>(ক) ক্রমিক নং (ঝ) এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (ঝ) ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><br><table><tr><td>(ঝ)</td><td>দাখিলপত্রে হ্রাসকারী সমন্বয়ের পরিমান বৃদ্ধি করিবার বা বৃদ্ধিকারী সমন্বয় পরিমান হ্রাস করিবার অনিয়ম;</td><td>বর্ধিত হ্রাসকারী সমন্বয় বা হ্রাসকৃত বৃদ্ধিকারী সমন্বয়ের অন্যূন ৩০ (ত্রিশ) শতাংশ এবং অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) শতাংশ;</td></tr></table></td><td>মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে লক্ষ্যে এই প্রতিস্থাপন করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td></td><td></td><td>(খ) ক্রমিক নং (ণ) এর পর নিম্নরূপ নূতন ক্রমিক নং (ত) ও (থ) এবং উহাদের বিপরীতে কলাম (২) ও কলাম (৩) এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সংযোজন করা হয়েছে, যথা:-
<table>
<tr><td>(ত)</td><td>তামাক বা তামাকজাত পণ্যের কর নিরূপণ, স্ট্যাম্প, ব্যান্ডরোল বা কোন কোড বা চিহ্ন ব্যবহার ব্যতিরেকে বা নকল স্ট্যাম্প, ব্যান্ডরোল বা নকল চিহ্ন সম্বলিত পণ্য সরবরাহ বা সরবরাহের অভিপ্রায়ে নিবন্ধন স্থলের সীমানার বাহিরে মজুদ করা হলে বা কারো অধিকারে পাওয়া গেলে;</td><td>পরিহারকৃত করের অন্যূন সমপরিমাণ এবং অনূর্ধ্ব দ্বিগুণ;</td></tr>
<tr><td>(থ)</td><td>জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত মূসক সফটওয়্যার সরবরাহের জন্য অনুমোদিত কোন সফটওয়্যার প্রতিষ্ঠানের সরবরাহকৃত সফটওয়্যারের মাধ্যমে ডাটা ট্যাম্পারিং, পরিবর্তন বা ডাটা শেয়ারিং বা রিপোর্টিং এর মাধ্যমে কোন প্রতিষ্ঠানের মূসক পরিহার বা পরিহারের অভিপ্রায় চিহ্নিত হইলে সফটওয়্যার সরবরাহকারী ও ব্যবহারকারী উভয় প্রতিষ্ঠানকে;</td><td>পরিহারকৃত করের অন্যূন সমপরিমাণ এবং অনূর্ধ্ব দ্বিগুণ;</td></tr>
</table></td><td></td></tr>
<tr><td>১৫.</td><td>ধারা ৯০</td><td>ধারা ৯০ এর উপ-ধারা (৫) এর পর</td><td>মূল্য সংযোজন কর আইনের</td></tr>
</table>

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | এর সংশোধন | নিম্নরূপ নূতন উপ-ধারা (৬) সংযোজন করা হয়েছে, যথা:-<br>“(৬) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান নিরীক্ষার জন্য নির্বাচিত হইলে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক নোটিশ প্রদানের ২ (দুই) মাসের মধ্যে তিনি যাবতীয় দলিলাদি মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন এবং তদ্‌পরবর্তী ১ (এক) বৎসরের মধ্যে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করিবেন:<br>তবে শর্ত থাকে যে, যুক্তিসঙ্গত কারণে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে দলিলাদি দাখিলে ব্যর্থ হইলে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের আবেদনের পরিপ্রেক্ষিতে ১ (এক) মাস সময় বৃদ্ধি করিতে পারিবে এবং উক্ত সময়েও দলিলাদি দাখিল করিতে ব্যর্থ হইলে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ সর্বোত্তম বিবেচনার ভিত্তিতে লিখিত কারণ উল্লেখপূর্বক (Best Judgment Assessment) নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করিতে পারিবেন।” | প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনায়ন করা হয়েছে। |
| ১৬. | ধারা ১০৭ এর উপ-ধারা (২ক) সংশোধন | আইনের ধারা ১০৭ এর উপ-ধারা (২ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২ক) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(২ক) নিবন্ধিত ব্যক্তি Enterprise Resource Planning (ERP) সফটওয়্যার বা বোর্ড কর্তৃক নির্ধারিত মূসক সফটওয়্যার এর মাধ্যমে কর সংক্রান্ত দলিলাদি ও হিসাবপত্র এবং অন্যান্য রেকর্ডপত্র যথাযথ নিরাপত্তাসহ সার্ভারে সংরক্ষণ করিতে পারিবেন এবং উক্তরূপ সংরক্ষিত দলিলাদি আইনগতভাবে গ্রহণযোগ্য প্রমাণক হিসেবে গণ্য হইবে এবং এক্ষেত্রে, মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের নিকট ইলেকট্রনিকভাবে | ভ্যাট ব্যবস্থাকে সম্পূর্ণভাবে ডিজিটালাইজেশনের আওতায় আনয়ন এবং মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এই প্রতিস্থাপন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | তাহা উপস্থাপন করা যাইবে।” | |
| ১৭. | ধারা ১২১ এর উপ-ধারা (২) এর সংশোধন | ধারা ১২১ এর এর উপ-ধারা (২) এ উল্লিখিত “১০ (দশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “১ (এক)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপন করা হয়েছে। | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ১৮. | ধারা ১২২ এর উপ-ধারা (২) এর সংশোধন | ধারা ১২২ এর এর উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>“(২) মূসক কর্মকর্তা ব্যতীত, অন্য কোন ব্যক্তি কর্তৃক উপ-ধারা (১) এর অধীন আপীল দায়ের করিবার ক্ষেত্রে, তাহাকে উক্ত আপীল দায়েরকালে তর্কিত আদেশে উল্লিখিত দাবীকৃত করের, জরিমানা ব্যতীত, ১ (এক) শতাংশ পরিমাণ অর্থ পরিশোধ করিতে হইবে। | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ১৯. | ধারা ১২৪ এর উপ-ধারা (৪) এর সংশোধন | ধারা ১২৪ এর এর উপ-ধারা (৪) এ উল্লিখিত “১০ (দশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “২ (দুই)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপন করা হয়েছে। | মূল্য সংযোজন কর আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে ও ব্যবসা-বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ২০. | ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সংশোধন | ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “সম্পূরক শুল্ক” শব্দগুলির পর “বা টার্নওভার কর” শব্দগুলি সন্নিবেশ করা হয়েছে। | আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |
| ২১. | নতুন ধারা ১৩৭ক এর সন্নিবেশ | ধারা ১৩৭ এর পর নিম্নরূপ নূতন ধারা ১৩৭ক সন্নিবেশ করা হয়েছে, যথা:-<br>“১৩৭ক। প্রদেয় কর বা অর্থদণ্ড বা পাওনা পরিশোধ সংক্রান্ত বিশেষ বিধান।- (১) কোন নিবন্ধিত ব্যক্তি বা উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারী ধারা ১৩৭ এর অধীন রহিতকৃত মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন পূর্বের কোন প্রদেয় বা উৎসে কর্তিত কর অথবা আরোপিত অর্থদণ্ড | ব্যাবসা বাণিজ্য সহজীকরণ ও দ্রুত মামলা নিষ্পত্তিসহ রাজস্ব আদায়ের লক্ষ্যে এ বিধান প্রণয়ন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | অথবা অন্যকোন পাওনা ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ হইতে পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে পরিশোধ বা সরকারি কোষাগারে জমা প্রদান করিলে, উক্ত ক্ষেত্রে মাসিক ২ শতাংশ হারে ২৪ (চব্বিশ) মাসের সরল সুদ/অতিরিক্ত কর প্রদান করিতে হইবে:<br><br>তবে শর্ত থাকে যে, ১ জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ এর পূর্বে উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে সুদ/অতিরিক্ত কর প্রযোজ্য না হওয়ায় উক্ত সময়ের পূর্বের কোন পাওনা উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধের ক্ষেত্রে সুদ/অতিরিক্ত কর প্রযোজ্য হইবেনা।<br><br>(২) কোন নিবন্ধিত ব্যক্তি বা উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারী মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন ১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ এর পূর্বের কোন প্রদেয় বা অনিয়মিতভাবে রেয়াত বা হ্রাসকারী সমন্বয় গ্রহণ বা উৎসে কর্তিত কর অথবা আরোপিত অর্থদন্ড অথবা অন্যকোন পাওনা ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ হইতে পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে পরিশোধ বা সরকারি কোষাগারে জমা প্রদান করিলে, উক্ত ক্ষেত্রে প্রযোজ্য হারে ২৪ (চব্বিশ) মাসের সরল সুদ প্রদান করিতে হইবে।”। | |

**(খ) প্রথম তফসিলের পরিবর্তনসমূহঃ**

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) | প্রথম তফসিলের প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা ০৩.০২ হতে ০৩.০৪ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে। | বিভিন্ন ধরণের তাজা, ঠান্ডা ও হিমায়িত মাছের উপর আমদানি পর্যায়ে ১৫ শতাংশ মূসক আরোপ করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ২. | প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) | প্রথম তফসিলের প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা ১২.১১ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে। | "বৃক্ষ অথবা বৃক্ষের অংশ (বীজ এবং ফলসহ), মূলতঃ সুগন্ধি তৈরি, ঔষধ তৈরি অথবা কীট পতঙ্গ ও ছত্রাক বিনাশ অথবা সমজাতীয় কাজে ব্যবহৃত হয়, তাজা অথবা শুকনা, কর্তিত, চূর্ণ অথবা গুঁড়া হউক বা না হউক (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত)" এর উপর আমদানি পর্যায়ে ১৫ শতাংশ মূসক আরোপ করা হয়েছে। |
| ৩. | প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) | প্রথম তফসিলের প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা **১৩.০১** এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে। | "লাক্ষা; প্রাকৃতিক গাম, রজন, গাম-রজন এবং সুগন্ধ বৃক্ষ নির্যাস" এর উপর আমদানি পর্যায়ে ১৫ শতাংশ মূসক আরোপ করা হয়েছে। |
| ৪. | দ্বিতীয় খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত সেবাসমূহ) এর অনুচ্ছেদ-৬ | দ্বিতীয় খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত সেবাসমূহ) এর অনুচ্ছেদ-৬ (ব্যক্তিগত সেবা) এর দফা (ঙ) এর শেষাংশে নিম্নরূপ নূতন দফা (চ) সংযোজন করা হয়েছে, যথা:- "(চ) কনটেন্ট ক্রিয়েটর ও ফ্রিল্যান্সার কর্তৃক প্রদত্ত সেবা।" | প্রযুক্তি নির্ভর সেবাকে উৎসাহ প্রদানের লক্ষ্যে কনটেন্ট ক্রিয়েটর ও ফ্রিল্যান্সার কর্তৃক প্রদত্ত সেবাকে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। |
| ৫. | প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) | প্রথম তফসিলের প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা ০৩.০২ হতে ০৩.০৪ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে। | বিভিন্ন ধরণের তাজা, ঠান্ডা ও হিমায়িত মাছের উপর আমদানি পর্যায়ে ১৫ শতাংশ মূসক আরোপ করা হয়েছে। |
| ৬. | প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) | প্রথম তফসিলের প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা ১২.১১ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে। | "বৃক্ষ অথবা বৃক্ষের অংশ (বীজ এবং ফলসহ), মূলতঃ সুগন্ধি তৈরি, ঔষধ তৈরি অথবা কীট পতঙ্গ ও ছত্রাক বিনাশ অথবা সমজাতীয় কাজে ব্যবহৃত হয়, তাজা অথবা শুকনা, কর্তিত, চূর্ণ |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | | অথবা গুঁড়া হউক বা না হউক (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত)” এর উপর আমদানি পর্যায়ে ১৫ শতাংশ মূসক আরোপ করা হয়েছে। |
| ৭. | প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) | প্রথম তফসিলের প্রথম খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্যসমূহ) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা **১৩.০১** এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে। | “লাক্ষা; প্রাকৃতিক গাম, রজন, গাম-রজন এবং সুগন্ধ বৃক্ষ নির্যাস” এর উপর আমদানি পর্যায়ে ১৫ শতাংশ মূসক আরোপ করা হয়েছে। |
| ৮. | দ্বিতীয় খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত সেবাসমূহ) এর অনুচ্ছেদ-৬ | দ্বিতীয় খন্ড (মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত সেবাসমূহ) এর অনুচ্ছেদ-৬ (ব্যক্তিগত সেবা) এর দফা (ঙ) এর শেষাংশে নিম্নরূপ নূতন দফা (চ) সংযোজন করা হয়েছে, যথা:-<br>“(চ) কনটেন্ট ক্রিয়েটর ও ফ্রিল্যান্সার কর্তৃক প্রদত্ত সেবা।” | প্রযুক্তি নির্ভর সেবাকে উৎসাহ প্রদানের লক্ষ্যে কনটেন্ট ক্রিয়েটর ও ফ্রিল্যান্সার কর্তৃক প্রদত্ত সেবাকে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। |

## (গ) দ্বিতীয় তফসিলের পরিবর্তনসমূহঃ

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td>১</td><td>দ্বিতীয় তফসিলের টেবিল-২ (সরবরাহ পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহ)</td><td>দ্বিতীয় তফসিলের টেবিল-২ (সরবরাহ পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহ) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ২৪.০৩ এবং উহাদের বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশ করা হয়েছে, যথা:-
<table>
<tr><td>২৪.০৪</td><td>সংশ্লিষ্ট এইচ.এস কোড</td><td>Nicotine Pouch (প্রতি ১০ গ্রামের খুচরা মূল্য ৫০০ টাকা অর্থাৎ প্রতি গ্রাম ৫০ টাকা)</td><td>৪০</td></tr>
<tr><td></td><td></td><td>Heated Tobacco</td><td>৬৭</td></tr>
</table>
</td><td>পরিবেশ ও স্বাস্থ্যঝুঁকি কমানো লক্ষ্যে Nicotine Pouch ও Heated Tobacco এর উপর সম্পূরক শুল্ক আরোপ করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td>২</td><td>দ্বিতীয় তফসিলের টেবিল-২ (সরবরাহ পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহ)</td><td>দ্বিতীয় তফসিলের টেবিল-২ (সরবরাহ পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহ) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ৩৩.০৪ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৩৩.০৪.১০.০০, ৩৩.০৪.২০.০০, ৩৩.০৪.৩০.০০ ও ৩৩.০৪.৯১.০০ এর বিপরীতে কলাম (৪) এর এন্ট্রিতে উল্লিখিত “১০” সংখ্যার পরিবর্তে “৫” সংখ্যাটি প্রতিস্থাপন করা হয়েছে, যথা:
<table>
<tr><th>পণ্য সামগ্রীর বিবরণ</th><th>বিদ্যমান সম্পূরক শুল্ক হার (%)</th><th>প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার (%)</th></tr>
<tr><td>ওষ্ঠাধার প্রসাধন সামগ্রী</td><td>১০</td><td>৫</td></tr>
<tr><td>চক্ষু প্রসাধন সামগ্রী</td><td>১০</td><td>৫</td></tr>
<tr><td>হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রী</td><td>১০</td><td>৫</td></tr>
<tr><td>পাউডার, চাপযুক্ত হউক বা না হউক</td><td>১০</td><td>৫</td></tr>
</table>
</td><td>দেশীয় শিল্পকে বিকশিত করার লক্ষ্যে এই বিধান প্রণয়ন করা হয়েছে।</td></tr>
</table>

## (ঘ) তৃতীয় তফসিলের পরিবর্তনসমূহঃ

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১ | তৃতীয় তফসিলের টেবিল-১ (‘খন্ড-খ’- মূসক আরোপযোগ্য সেবা) | তৃতীয় তফসিলের টেবিল-১ (‘খন্ড-খ’- মূসক আরোপযোগ্য সেবা) এর সেবার কোড S০২৬.০০ এর আওতাধীন “স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী” সেবার বিপরীতে মূসকের হার নিম্নোক্তভাবে যৌক্তিকীকরণ করা হয়েছে, যথা:- | ব্যবসা বাণিজ্যকে সহজীকরণের লক্ষ্যে এই বিধান প্রণয়ন করা হয়েছে। |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td></td><td></td><td><table><tr><th>সেবার নাম</th><th>সুনির্দিষ্ট করের পরিমাণ</th></tr><tr><td>স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বরণ পাকাকারী</td><td>২৫০০ টাকা (প্রতি ভরি)</td></tr></table></td><td></td></tr>
<tr><td>২</td><td>তৃতীয় তফসিলের টেবিল-৪ (‘খন্ড-ক’- মূসক আরোপযোগ্য পণ্য)</td><td>তৃতীয় তফসিলের টেবিল-৪ (‘খন্ড-ক’- মূসক আরোপযোগ্য পণ্য) এ শিরনামা সংখ্যা ৪৮.০১ এবং উহার বিপরীতে কলাম (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের প্রারম্ভে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সন্নিবেশ করা হয়েছে, যথা:-<table><tr><th>পণ্য</th><th>সুনির্দিষ্ট করের পরিমাণ</th></tr><tr><td>অপ্রক্রিয়াজাত তামাক (রপ্তানি ও প্রতিষ্ঠানের নিজস্ব প্রসেসিং কার্যক্রমের ক্ষেত্র ব্যতীত প্রসেসিং ইউনিট হইতে পণের বিনিময়ে অন্যকোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট সরবরাহের ক্ষেত্রে)</td><td>৫০ টাকা (প্রতি কেজি)</td></tr></table></td><td>অবৈধভাবে উৎপাদিত তামাকের উৎপাদনরোধকল্পে কোন প্রসেসিং ইউনিট হতে পণের বিনিময়ে অন্যকোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট সরবরাহকৃত অপ্রক্রিয়াজাত তামাক (রপ্তানি ও প্রতিষ্ঠানের নিজস্ব প্রসেসিং কার্যক্রমের ক্ষেত্র ব্যতীত) এর উৎপাদন পর্যায়ে মূসক অব্যাহতি সুবিধা প্রত্যাহারপূর্বক প্রতি কেজি ৫০ টাকা হারে সুনির্দিষ্ট কর আরোপ করা হয়েছে।</td></tr>
<tr><td>৩</td><td>তৃতীয় তফসিলের টেবিল-৪ (‘খন্ড-ক’- মূসক আরোপযোগ্য পণ্য)</td><td>তৃতীয় তফসিলের টেবিল-৪ (‘খন্ড-ক’- মূসক আরোপযোগ্য পণ্য) এ শিরনামা সংখ্যা ৭২.০৪ এবং উহার বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত “১২০০ টাকা” সংখ্যা ও শব্দের পরিবর্তে “১৫০০ টাকা” সংখ্যা ও শব্দটি প্রতিস্থাপন হয়েছে।</td><td>রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে স্ক্র্যাপ/শীপ স্ক্যাপ এর উপর আরোপীত কর ১২০০ টাকা হতে ১৫০০ টাকা নির্ধারণ করা হয়েছে।</td></tr>
<tr><td>৪</td><td>তৃতীয় তফসিলের টেবিল-৪ (‘খন্ড-ক’- মূসক আরোপযোগ্য পণ্য)</td><td>তৃতীয় তফসিলের টেবিল-৪ (‘খন্ড-ক’- মূসক আরোপযোগ্য পণ্য) এ শিরনামা সংখ্যা ৭২.১৩ হইতে ৭২.১৬ এবং উহাদের বিপরীতে কলাম (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যাসমূহ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-</td><td>রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে এমএস প্রোডাক্ট এর উপর আরোপীত কর যৌক্তিকীকরণ করা হয়েছে।</td></tr>
</table>

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | **এম,এস প্রোডাক্ট**<br>(ক) আমদানি/ স্থানীয়ভাবে সংগৃহীত রি-রোলেবল স্ক্র্যাপ হইতে প্রস্তুতকৃত এম.এস পণ্য — ২১০০ টাকা (প্রতি মে: টন)<br>(খ) আমদানিকৃত/ স্থানীয়ভাবে সংগৃহীত মেলটেবল স্ক্র্যাপ হইতে প্রস্তুতকৃত সকল প্রকার বিলেট ও ইনগট — ১৯০০ টাকা (প্রতি মে: টন)<br>(গ) বিলেট/ইনগট হইতে প্রস্তুতকৃত এম.এস. পণ্য — ২০০০ টাকা (প্রতি মে: টন)<br>(ঘ) গর্দা/মেলটেবল স্ক্র্যাপ হইতে প্রস্তুতকৃত ইনগট/বিলেট এবং ইনগট/বিলেট হইতে প্রস্তুতকৃত এম.এস. পণ্য — ৩৪০০ টাকা (প্রতি মে: টন) | |
| ৫ | তৃতীয় তফসিলের টেবিল-৪ ('খন্ড-খ'- মূসক আরোপযোগ্য সেবা) | তৃতীয় তফসিলের টেবিল-৪ ('খন্ড-খ'- মূসক আরোপযোগ্য সেবা) এ শিরনামা সংখ্যা S০১২ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে। | আদর্শ ভ্যাট ব্যবস্থা প্রণয়ন পূর্বক সরবরাহ মূল্যের উপর ১৫% হারে ভ্যাট আরোপের লক্ষ্যে এই বিধান প্রণয়ন করা হয়েছে। |
| ৬ | তৃতীয় তফসিলের অনুচ্ছেদ-৩ | তৃতীয় তফসিলের অনুচ্ছেদ-৩ এর শেষাংশে উল্লিখিত "ব্যবসায়ী" এর ব্যাখ্যা বিলুপ্ত করা হয়েছে। | আইনের প্রায়োগিক জটিলতা নিরসণকল্পে ব্যবসায়ীর সংজ্ঞা তৃতীয় তফসিল হতে বিলুপ্ত করে ধারা-২ এ প্রতিস্থাপন করা হয়েছে। |

**০৩। (ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর সংশোধনীসমূহ:-**

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ১. | **বিধি ৩ এর প্রতিস্থাপন** | **বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-**<br>**৩। নিবন্ধনের সীমা নির্ধারণ।**—ধারা ২ এর দফা (৫৭) এর বিধান সাপেক্ষে, কোনো ব্যক্তির নিবন্ধন সীমা অতিক্রমের বিষয়টি উক্ত ব্যক্তির সামগ্রিক অর্থনৈতিক | ভ্যাট ব্যবস্থা অধিকতর সহজ ও ব্যবসাবান্ধব করার জন্য এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | কার্যক্রম বিবেচনা করিয়া নির্ধারণ করিতে হইবে। | |
| ২. | **বিধি ৪ এর প্রতিস্থাপন** | **বিধি ৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-**<br><br>**“৪। নিবন্ধনের আবেদন ও নিবন্ধন প্রদান।-** (১) প্রত্যেক নিবন্ধনযোগ্য ব্যক্তি যে দিন তাহার নিবন্ধনের আবশ্যকতা উদ্ভূত হইবে সেই দিন হইতে ১৫ (পনের) দিনের মধ্যে আবাসিক ব্যক্তির ক্ষেত্রে ফরম **‘মূসক-২.১’** এবং অনাবাসিক ব্যক্তির ক্ষেত্রে ফরম **‘মূসক-২.২’** এ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট মূসক নিবন্ধনের জন্য আবেদন করিবেন।<br>(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত স্থানে আবেদন দাখিল করা যাইবে, যথা:-<br>(ক) অনলাইনে বোর্ডের ভ্যাট অনলাইন সিস্টেমে (eVAT সিস্টেম);<br>(খ) আবেদনকারীর জন্য সুবিধাজনক হয় এমন কোনো কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বা বিভাগীয় দপ্তর কর্তৃক নির্ধারিত সেবা কেন্দ্র;<br>(গ) বোর্ড বা সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক নির্ধারিত কোনো সেবা কেন্দ্র;<br>(ঘ) বোর্ড বা সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক পরিচালিত কোনো মেলা; এবং<br>(ঙ) বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত অন্য কোনো স্থান।<br><br>(৩) উপ-বিধি (২) এর দফা (খ) হইতে (ঙ) এর অধীন আবেদনের ক্ষেত্রে আবেদন দাখিলের পরবর্তী কার্যদিবসের মধ্যে আবেদনটি ভ্যাট অনলাইন সিস্টেমে (eVAT সিস্টেমে) প্রেরণ করিতে হইবে। | স্বয়ংক্রিয়ভাবে ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান ও নিবন্ধন গ্রহণের প্রক্রিয়া অধিকতর সহজ ও ব্যবসাবান্ধব করার জন্য এ বিধান আনয়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | (৪) eVAT সিস্টেমে অনলাইনে আবেদন দাখিলের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে আবেদনের প্রয়োজনীয় তথ্যাদি যাচাই করিবে এবং– <br><br> (ক) আবেদনটি সিস্টেম-নির্ধারিত মানদন্ড পূরণ করিলে (Valid), সিস্টেম তাৎক্ষণিকভাবে আবেদনকারীকে আবেদন সফলভাবে জমাদানের বিজ্ঞপ্তি প্রদর্শন করিবে এবং তৎক্ষণাৎ আবেদনকারীর নিবন্ধিত ইমেইল ঠিকানায় ফরম **'মূসক-২.৩'** এ ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN) সংবলিত একটি মূল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্র প্রেরণ করিবে, উক্ত সনদপত্র জারির মুহূর্ত হইতেই নিবন্ধনটি কার্যকর বলিয়া গণ্য হইবে; <br><br> **ব্যাখ্যা।–** *এই বিধির উদ্দেশ্যে, 'Valid আবেদন' বলিতে এমন আবেদন বোঝাইবে যাহাতে eVAT সিস্টেমে নির্ধারিত সকল বাধ্যতামূলক তথ্য সঠিকভাবে পূরণ করা হইয়াছে এবং সংযুক্ত দলিলাদি সিস্টেম-নির্ধারিত ফরম্যাটে আপলোড করা হইয়াছে।* <br><br> (খ) আবেদনটি সিস্টেম-নির্ধারিত মানদন্ড পূরণে ব্যর্থ হইলে, সিস্টেম আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে ত্রুটির বিবরণ উল্লেখপূর্বক পুনরায় সংশোধিত আবেদন দাখিলের নির্দেশনা প্রদান করিবে: <br><br> তবে শর্ত থাকে যে, উপ-বিধি (২) এর দফা (খ) হইতে (ঙ) এর অধীনে দাখিলকৃত আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনলাইনে eVAT সিস্টেমে প্রেরণের সময় সিস্টেম তাৎক্ষণিক BIN | |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | প্রদানের উপর্যুক্ত বিধান একইভাবে প্রযোজ্য হইবে।<br><br>(৫) উপ-বিধি (৪) এর দফা (ক) এর অধীন মূসক নিবন্ধন সনদপত্র জারির পর eVAT সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা এবং বিভাগীয় কর্মকর্তাকে নিবন্ধনের বিজ্ঞপ্তি প্রদান করিবে, বিজ্ঞপ্তি প্রাপ্তির পর সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা যথাসময়ে সরেজমিনে যাচাই কার্যক্রম পরিচালনা করিবেন।<br><br>(৬) সরেজমিনে যাচাইকালে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা যদি কোনো গরমিল বা অনিয়ম পরিলক্ষিত করেন, তাহা হইলে তিনি যে করমেয়াদে উক্ত গরমিল বা অনিয়ম পরিলক্ষিত হইয়াছে তাহার অব্যবহিত পরবর্তী যে করমেয়াদে দাখিলপত্র পেশের বাধ্যবাধকতা রহিয়াছে উক্ত তারিখের পূর্বেই eVAT সিস্টেমের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিবেন।<br><br>(৭) উপ-বিধি (৬) এর অধীন অবহিত হওয়ার পর বিভাগীয় কর্মকর্তা eVAT সিস্টেমের মাধ্যমে সংশ্লিষ্ট করদাতার বিপরীতে একটি কারণ দর্শানোর নোটিশ জারি করিবেন, উক্ত নোটিশে নির্দিষ্ট সময়সীমার মধ্যে করদাতাকে লিখিত জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হইবে এবং জবাব দাখিলের তারিখ ও সময় উল্লেখ করিতে হইবে।<br><br>(৮) করদাতা কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল না করিলে বা দাখিলকৃত জবাব শুনানি গ্রহণান্তে বিভাগীয় কর্মকর্তার নিকট সন্তোষজনক বলিয়া বিবেচিত না হইলে, তিনি- | |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
| --- | --- | --- | --- |
| | | (ক) ইস্যুকৃত নিবন্ধনের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবেন; অথবা<br>(খ) উক্ত নিবন্ধনের বিপরীতে প্রদেয় সেবার পরিসর আদেশ দ্বারা সীমিত করিয়া দিতে পারিবেন:<br>তবে শর্ত থাকে যে, উপ-বিধি (৮) এর অধীন স্থগিতাদেশ বা সীমাবদ্ধতার আদেশ প্রদানের আগে করদাতাকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান করিতে হইবে।<br>(৯) উপ-বিধি (৬) অনুযায়ী যে করমেয়াদে অনিয়ম দায়ের করা হইয়াছে তাহার অব্যবহিত পরবর্তী দাখিলপত্র পেশের বাধ্যবাধকতার তারিখের পূর্বেই বিভাগীয় কর্মকর্তা উত্থাপিত বিষয়টি নিষ্পত্তি করিতে না পারিলে, eVAT সিস্টেম হইতে স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট নিবন্ধন সনদপত্রের কার্যকারিতার উপর জারিকৃত স্থগিতাদেশের আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে এবং সংশ্লিষ্ট করদাতার নিবন্ধন পুনঃস্থাপিত হইবে।<br>(১০) বিধি ৪ এ যাহা কিছুই থাকুক না কেন, আইনের ধারা ৩১ এর উপ-ধারা (৪) এবং ধারা ৭১ এর অধীন কর ফেরত প্রদানসহ আইনের আওতায় নিবন্ধন বা তালিকাভুক্তি বাধ্যতামূলক নয় এমন ব্যক্তির আমদানি বা রপ্তানির ক্ষেত্রে কাস্টমস সিস্টেমের সহায়তায় নিমিত্তিক ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা প্রদান করা যাইবে।”; | |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ৩. | **বিধি ৫ এর প্রতিস্থাপন** | **বিধি ৫ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৫ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-**<br><br>**"৫। তালিকাভুক্তির আবেদন ও তালিকাভুক্তিকরণ।-** (১) কোনো ব্যক্তি ধারা ১০ এর উপ-ধারা (১) এর অধীন নির্ধারিত শর্ত পূরণ করিলে তিনি উক্ত উপ-ধারার বিধান মোতাবেক ফরম **'মূসক-২.১'** এ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট তালিকাভুক্তির জন্য আবেদন করিবেন।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন, নিম্নবর্ণিত স্থানে আবেদন দাখিল করা যাইবে, যথা:-<br><br>(ক) অনলাইনে বোর্ডের ভ্যাট অনলাইন সিস্টেমে (eVAT সিস্টেম);<br>(খ) আবেদনকারীর জন্য সুবিধাজনক হয় এমন কোনো কাস্টমস, এক্সাইজ ভ্যাট কমিশনারেট, বিভাগীয় দপ্তর কর্তৃক নির্ধারিত সেবা কেন্দ্র বা বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত অন্য কোনো স্থান;<br>(গ) বোর্ড বা সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক নির্ধারিত কোনো সেবা কেন্দ্র; বা<br>(ঘ) বোর্ড বা সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক পরিচালিত কোনো মেলা।<br><br>(৩) উপ-বিধি (২) এর দফা (খ) হইতে (ঘ) এর অধীন আবেদনের ক্ষেত্রে আবেদন দাখিলের পরবর্তী কার্যদিবসের মধ্যে আবেদনটি ভ্যাট অনলাইন সিস্টেমে প্রেরণ করিতে হইবে।<br><br>(৪) eVAT সিস্টেমে অনলাইনে তালিকাভুক্তির আবেদন দাখিলের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে | স্বয়ংক্রিয়ভাবে ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান ও তালিকাভুক্তি গ্রহণের প্রক্রিয়া অধিকতর সহজ ও ব্যবসাবান্ধব করার লক্ষ্যে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | আবেদনের প্রয়োজনীয় তথ্যাদি যাচাই করিবে এবং আবেদনটি সিস্টেম-নির্ধারিত মানদণ্ড পূরণ করিলে (Valid), সিস্টেম তাৎক্ষণিকভাবে আবেদনকারীকে সফল দাখিলের বিজ্ঞপ্তি প্রদর্শন করিবে এবং তৎক্ষণাৎ আবেদনকারীর নিবন্ধিত ইমেইল ঠিকানায় ফরম **'মূসক-২.৩'** এ ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN) সংবলিত একটি টার্নওভার কর তালিকাভুক্তি সনদপত্র প্রেরণ করিবে।<br><br>(৫) উপ-বিধি (৪) এর অধীন তালিকাভুক্তি সনদপত্র জারির পর eVAT সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা এবং বিভাগীয় কর্মকর্তাকে তালিকাভুক্তির বিজ্ঞপ্তি প্রদান করিবে, অত:পর সরেজমিনে যাচাই, কারণ দর্শানোর নোটিশ ও নিষ্পত্তির ক্ষেত্রে বিধি ৪ এর উপ-বিধি (৬) হইতে (৯) এর বিধানাবলি প্রযোজ্য হইবে।<br><br>(৬) আবেদনটি সিস্টেম-নির্ধারিত মানদণ্ড পূরণে ব্যর্থ হইলে (Invalid), সিস্টেম আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে ত্রুটির বিবরণ উল্লেখপূর্বক সংশোধিত আবেদন পুনরায় দাখিলের নির্দেশনা প্রদান করিবে।"; | |
| ৪. | বিধি ৭ এর প্রতিস্থাপন | **বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-**<br><br>**"৭। বিভাগীয় কর্মকর্তা কর্তৃক স্ব-উদ্যোগে নিবন্ধিত বা তালিকাভুক্তিকরণ।-** (১) ধারা ১২ এর অধীন মূসক নিবন্ধনযোগ্য বা টার্নওভার কর তালিকাভুক্তিযোগ্য ব্যক্তিকে বিভাগীয় কর্মকর্তা স্ব-উদ্যোগে নিবন্ধিত বা তালিকাভুক্ত | স্বয়ংক্রিয়ভাবে ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান নিবন্ধন ও তালিকাভুক্তি গ্রহণের প্রক্রিয়া অধিকতর সহজ ও ব্যবসাবান্ধব করার লক্ষ্যে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | করিয়া eVAT সিস্টেমের মাধ্যমে নিবন্ধন বা তালিকাভুক্তি সনদপত্র প্রদান করিবেন এবং সংশ্লিষ্ট করদাতাকে ফরম **'মূসক-২.৩'** এ ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN) সংবলিত নিবন্ধন বা তালিকাভুক্তি সনদপত্র তাৎক্ষণিকভাবে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।<br><br>(২) বিভাগীয় কর্মকর্তা স্ব-উদ্যোগে নিবন্ধন প্রদান বা তালিকাভুক্তির সময় যথাযথ অনুসন্ধানের মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিবন্ধিত বা তালিকাভুক্ত করিবেন এবং যে তারিখে উক্ত ব্যক্তির নিবন্ধন বা তালিকাভুক্তির আবশ্যকতা উদ্ভূত হইয়াছে সেই তারিখ হইতে উহার কার্যকারিতা প্রদান করিবেন।<br><br>(৩) উপ-বিধি (১) এর অধীন স্ব-উদ্যোগে নিবন্ধন বা তালিকাভুক্তির পরবর্তীতে যদি সংশ্লিষ্ট ব্যক্তি আইনি বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করিতেছেন না মর্মে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক পরিলক্ষিত বা চিহ্নিত হইলে eVAT সিস্টেমের মাধ্যমে উক্ত ব্যক্তিকে কারণ দর্শানোর নোটিশ প্রদান ও হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন, এইক্ষেত্রে উল্লিখিত তর্কিত বিষয়াদি নিষ্পত্তির জন্য বিধি ৪ এর উপ-বিধি (৭), (৮) ও (৯) এর কার্যপদ্ধতি অনুসৃত হইবে।<br><br>(৪) উপ-বিধি (২) এর অধীন কার্যকারিতা প্রদানের তারিখ হইতে উক্ত উপ-বিধিতে উল্লিখিত ব্যক্তি কর, প্রযোজ্য ক্ষেত্রে বকেয়াসহ, পরিশোধ করিবেন।<br><br>(৫) বিভাগীয় কর্মকর্তা তাহার | |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | অধিক্ষেত্রে অবস্থিত তালিকাভুক্তি বা নিবন্ধনযোগ্য সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে eVAT সিস্টেমে তালিকাভুক্ত বা নিবন্ধিত হইবার প্রয়োজনীয় সহযোগিতা ও সহায়তা প্রদান করিবেন। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সুনির্দিষ্ট করের জন্য তালিকাভুক্ত প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে তালিকাভুক্তি বা করদায়িতা পরিশোধের ক্ষেত্রেও তিনি এই ধরনের সহযোগিতা প্রদান করিবেন।”; | |
| ৫. | বিধি ৮ এর প্রতিস্থাপন | **বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৮ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-**<br><br>**“৮। মূসক নিবন্ধন বাতিল।- (১)** কোনো নিবন্ধিত ব্যক্তি তাহার মূসক নিবন্ধন বাতিলের জন্য ফরম **‘মূসক-২.৪’** এ বিভাগীয় কর্মকর্তার নিকট আবেদন করিতে পারিবেন, যদি-<br>(ক) তিনি নিবন্ধিত হওয়ার পরবর্তী সময়ে অর্থনৈতিক কার্যক্রম শুরু করিতে ব্যর্থ হন;<br>(খ) তিনি তাহার অর্থনৈতিক কার্যক্রম বন্ধ করিয়া দেন;<br>(গ) তাহার অর্থনৈতিক কার্যক্রমটি অব্যাহতিপ্রাপ্ত হিসাবে ঘোষিত হয়; বা<br>(ঘ) পর পর ২ (দুই) বৎসর তাহার বার্ষিক টার্নওভার নিবন্ধনসীমার নিচে থাকে।<br><br>(২) উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদন দাখিল করা হইলে বিভাগীয় কর্মকর্তা বিষয়টি সম্পর্কে যথাযথ অনুসন্ধানের পর-<br>(ক) নিবন্ধন বাতিলের কারণ যুক্তিসংগত বলিয়া বিবেচিত হইলে, উক্ত নিবন্ধন সাময়িকভাবে স্থগিত করিয়া | ভ্যাট অনলাইন সিস্টেম অধিকতর সহজ ও ব্যবসাবান্ধব করার লক্ষ্যে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | তাহাকে eVAT সিস্টেমের মাধ্যমে অবহিত করিবেন; বা<br>(খ) নিবন্ধন বাতিলের কারণ যুক্তিসংগত বলিয়া বিবেচিত না হইলে বা আবেদন অসম্পূর্ণ থাকিলে বা অন্য কোনো কারণে নিবন্ধন বাতিল করা যুক্তিসংগত না হইলে, তাহাকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান করিয়া, নিবন্ধন সাময়িকভাবে স্থগিত বা অন্যবিধ সিদ্ধান্ত গ্রহণ করিয়া তাহাকে eVAT সিস্টেমের মাধ্যমে অবহিত করিবেন।<br>(৩) উপ-বিধি (২) হইতে স্বতন্ত্রভাবে, তাৎক্ষণিক BIN প্রদানের পরবর্তীতে সরেজমিনে যাচাইকালে কোনো গরমিল বা অনিয়ম পরিলক্ষিত হইলে, বিধি ৪ এর উপ-বিধি (৪) এর দফা (খ) এর অধীন রাজস্ব কর্মকর্তা eVAT সিস্টেমের মাধ্যমে বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিবেন এবং উক্ত বিভাগীয় কর্মকর্তা eVAT সিস্টেমের মাধ্যমে সংশ্লিষ্ট করদাতার বরাবরে একটি কারণ দর্শানোর নোটিশ জারি করিবেন।<br>(৪) উপ-বিধি (৩) এর অধীন জারীকৃত কারণ দর্শানোর নোটিশে-<br>(ক) সুনির্দিষ্টভাবে চিহ্নিত গরমিল বা অনিয়মের বিবরণ;<br>(খ) করদাতাকে লিখিত জবাব দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা [নোটিশ জারির তারিখ হইতে অনধিক ১৫ (পনেরো) কার্যদিবস]; এবং<br>(গ) ব্যক্তিগত বা ভার্চুয়াল শুনানির তারিখ, সময় ও মাধ্যম উল্লেখ | |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | করিতে হইবে।<br><br>(৫) কারণ দর্শানোর নোটিশের জবাব না পাওয়া গেলে বা দাখিলকৃত জবাব শুনানি গ্রহণান্তে সন্তোষজনক না হইলে বিভাগীয় কর্মকর্তা eVAT সিস্টেমের মাধ্যমে-<br><br>(ক) সংশ্লিষ্ট নিবন্ধনের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবেন; অথবা<br>(খ) উক্ত নিবন্ধনের বিপরীতে প্রদেয় সেবার পরিসর আদেশ দ্বারা সীমিত করিয়া দিতে পারিবেন:<br>তবে শর্ত থাকে যে, উপ-বিধি (৫) এর অধীন কোনো আদেশ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট করদাতাকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান করিতে হইবে।<br><br>(৬) উপ-বিধি (৩) অনুযায়ী যে করমেয়াদে অনিয়ম বা গরমিল চিহ্নিত হইয়াছে তাহার অব্যবহিত পরবর্তী দাখিলপত্র পেশের বাধ্যবাধকতার তারিখের পূর্বে বিভাগীয় কর্মকর্তা উত্থাপিত বিষয়টি নিষ্পত্তি করিতে না পারিলে, eVAT সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে–<br><br>(ক) সংশ্লিষ্ট নিবন্ধন সনদপত্রের কার্যকারিতার উপর জারিকৃত স্থগিতাদেশ বাতিল বলিয়া গণ্য করিবে; এবং<br>(খ) সংশ্লিষ্ট করদাতার নিবন্ধন সনদপত্রের কার্যকারিতা পুনঃপ্রতিষ্ঠিত হইবে এবং সিস্টেম করদাতাকে ইমেইলে উক্ত বিষয়ে অবহিত করিবে।<br><br>(৭) উপ-বিধি (২) এর অধীন নিবন্ধন | |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | সাময়িক স্থগিতের ১৫ (পনেরো) দিনের মধ্যে নিবন্ধিত ব্যক্তি আইনের ধারা ৯ এর উপ-ধারা (৬) এর অধীন সকল কার্যক্রম সম্পন্ন করিবেন।<br><br>(৮) উপ-বিধি (৭) এর অধীন চূড়ান্ত দাখিলপত্র পেশের ১৫ (পনেরো) দিনের মধ্যে উহা যাচাইআন্তে তথ্যাদি যথাযথ প্রাপ্তি সাপেক্ষে বিভাগীয় কর্মকর্তা তাহার নিবন্ধন বাতিল করিবেন।<br><br>(৯) উপ-বিধি (১) এর দফা (ঘ) এ বর্ণিত কারণে নিবন্ধন বাতিলের ক্ষেত্রে যদি দেখা যায় যে তাহার বার্ষিক টার্নওভার নিবন্ধনসীমার নিচে, কিন্তু তালিকাভুক্তিসীমার উপরে, তাহা হইলে বিভাগীয় কর্মকর্তা তাহার মূসক নিবন্ধন বাতিলপূর্বক তাহাকে টার্নওভার কর তালিকাভুক্ত করিতে পারিবেন।<br><br>(১০) বিভাগীয় কর্মকর্তা যথাযথ অনুসন্ধানের পর যদি নিশ্চিত হন যে কোনো ব্যক্তির মূল্য সংযোজন করদাতা হিসাবে নিবন্ধিত থাকিবার আর প্রয়োজন নাই, তাহা হইলে তিনি উক্ত ব্যক্তিকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান করিয়া তাহার মূসক নিবন্ধন বাতিল করিতে পারিবেন।<br><br>(১১) উপ-বিধি (৮) এর অধীন যাচাই বা উপ-বিধি (১০) এর অধীন অনুসন্ধান সত্ত্বেও মূসক নিবন্ধন বাতিলের পর যদি উদঘাটিত হয় যে, উক্ত ব্যক্তির নিকট আইনের অধীন কোনো বকেয়া পাওনা রহিয়াছে বা কোনো অপরাধ সংঘটিত হইয়াছে, তাহা হইলে তাহার প্রতি আইনের সংশ্লিষ্ট বিধান এইরূপে প্রয়োজ্য হইবে | |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | যেন তিনি একজন নিবন্ধিত ব্যক্তি।”; | |
| ৬. | বিধি ১২ এর প্রতিস্থাপন | **বিধি ১২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১২ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-**<br>**“১২। পরিবর্তিত তথ্য অবহিতকরণ।-** (১) আইনের ধারা ১৪ এর বিধান অনুযায়ী প্রত্যেক নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি অর্থনৈতিক কার্যক্রম সংশ্লিষ্ট উক্ত ধারার দফা (ক) হইতে (চ) তে বিধৃত তথ্যসহ নিম্নবর্ণিত তথ্যের কোনোরূপ পরিবর্তন হইলে উহা পরিবর্তিত হইবার ১৫ (পনেরো) দিনের মধ্যে বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিবেন, যথা:-<br>(ক) নিবন্ধন বা তালিকাভুক্তির সময় সরবরাহকৃত তথ্যের যে কোনোটিতে পরিবর্তন;<br>(খ) নূতন ধরনের কোনো ব্যবসায় সংযোজন বা বিদ্যমান ব্যবসায়ের কোনোরূপ বিয়োজন;<br>(গ) ব্যাংক হিসাব পরিবর্তন, সংযোজন বা বিয়োজন;<br>(ঘ) নূতন শাখা ইউনিট চালু বা পুরাতন কোনো শাখা ইউনিট বন্ধকরণ;<br>(ঙ) বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত অন্য কোনো পরিবর্তন।<br>(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরিবর্তনের তথ্য অনলাইনে দাখিলের ক্ষেত্রে নিবন্ধিত বা তালিকাভুক্ত আবাসিক ব্যক্তি ফরম **‘মূসক-২.১’** এ, নিবন্ধিত অনাবাসিক ব্যক্তি ফরম **‘মূসক-২.২’** এ এবং কাগজে আবেদনের ক্ষেত্রে ফরম **‘মূসক-২.৫’** এ তথ্য পরিবর্তিত হইবার ১৫ (পনেরো) দিনের মধ্যে বিভাগীয় কর্মকর্তাকে eVAT সিস্টেমের মাধ্যমে অবহিত করিবেন।<br>(৩) উপ-বিধি (২) এর অধীন eVAT সিস্টেমে পরিবর্তিত তথ্য দাখিলের পর eVAT সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে বিজ্ঞপ্তি প্রদান করিবে, বিজ্ঞপ্তি প্রাপ্তির পর সংশ্লিষ্ট | ভ্যাট অনলাইন সিস্টেম অধিকতর সহজ ও ব্যবসাবান্ধব করার লক্ষ্যে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | বিভাগীয় কর্মকর্তা পরিবর্তিত তথ্য যাচাই করিবেন এবং যাচাই সম্পন্নের পর প্রযোজ্য ক্ষেত্রে, নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির অনুকূলে নতুন তথ্য সংবলিত একটি মূল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্র বা টার্নওভার কর তালিকাভুক্তি সনদ eVAT সিস্টেমের মাধ্যমে জারি করিবেন এবং করদাতাকে ইমেইলে প্রেরণ করিবেন।<br><br>(৪) উপ-বিধি (২) এর পরিবর্তিত তথ্যের কারণে ফরম **'মূসক-২.৩'** এ কোনো পরিবর্তন হইলে বিভাগীয় কর্মকর্তা নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির অনুকূলে নূতন তথ্য সংবলিত একটি মূল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্র বা টার্নওভার কর তালিকাভুক্তি সনদপত্র জারি করিবেন।"; | |
| ৭. | বিধি ১৮খ এর সংশোধন | বিধি ১৮খ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত "Customs Act, 1969 (IV of 1969)" এর পরিবর্তে "কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন)" প্রতিস্থাপন করা হয়েছে। | কাস্টমস আইন, ২০২৩ এর সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |
| ৮. | বিধি ১৮গ এর সংশোধন | বিধি ১৮গ এর দফা (খ) এর শেষাংশে উল্লিখিত "অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের" শব্দগুলির পরিবর্তে "অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্র বা অভ্যন্তরীণ ঋণপত্রের" শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে; | রপ্তানি প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |
| ৯. | বিধি ২১ এর প্রতিস্থাপন | বিধি ২১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২১ প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br><br>**"২১। উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা।-** (১) আইনের ধারা ৩২ এর উপ-ধারা (৫) এর উদ্দেশ্য পূরণকল্পে, কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তিকে পণ্য উৎপাদন এর পরবর্তীতে বা সরবরাহের পূর্বে ফরম **'মূসক-৪.৩'** এ বিভাগীয় কর্মকর্তার নিকট অথবা অনলাইনে eVAT System | প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় উৎপাদন পর্যায়ে কোন পণ্যের সম্পূর্ণ বা আংশিক অব্যাহতি থাকলে ব্যবসায়ী পর্যায়ে শুধুমাত্র সংযোজনের উপর ১৫ শতাংশ মূল্য সংযোজন কর প্রযোজ্য হওয়ার বিধান আইনে অন্তর্ভুক্ত করা হয়েছে। আইনের উক্ত বিধানের সাথে |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | এ একটি উপকরণ-উৎপাদ সহগ (Input-Output Coefficient) দাখিল করিতে হইবে, যাহার একটি অনুলিপি বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সুপারিশসহ ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট প্রেরণ করিতে হইবে, তবে, বোর্ড কর্তৃক নির্ধারিত ক্ষেত্রসমূহে, সেবা প্রদানকারী কর্তৃক সেবা প্রদানের ক্ষেত্রে ও শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানিযোগ্য বা রপ্তানিকৃত পণ্যের ক্ষেত্রে, এইরূপ সহগ ঘোষণা দাখিল করিতে হইবে না।<br><br>(২) ধারা ৩২ এর উপ-ধারা (৬) এর উদ্দেশ্য পূরণকল্পে, কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তিকে পণ্য সরবরাহের পূর্বে ফরম **'মূসক-৪.৩.১'** এ বিভাগীয় কর্মকর্তার নিকট অথবা অনলাইনে eVAT System এ একটি সহগ ঘোষণা দাখিল করিতে হইবে, যাহার একটি অনুলিপি বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সুপারিশসহ ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট প্রেরণ করিতে হইবে।"; | সামঞ্জস্য আনয়নপূর্বক উপকরণ-উৎপাদ সহগ ঘোষণার বিধান অধিকতর সহজ ও প্রয়োগযোগ্য করার লক্ষ্যে এ সংশোধনী আনায়ন করা হয়েছে। |
| ১০. | বিধি ৪০ এর সংশোধন | বিধি ৪০ এর উপ-বিধি (১) এর-<br><br>(ক) দফা (খখখ) এ উল্লিখিত "মূসক-৬.২" এন্ট্রিগুলির পর ", মূসক-৬.৩" এন্ট্রিগুলি সন্নিবেশ করা হয়েছে;<br><br>(খ) দফা (গ) এ উল্লিখিত "নিবন্ধিত ব্যক্তি কর্তৃক" শব্দগুলির পর "ইলেক্ট্রনিক বা হার্ডকপি" শব্দগুলি সন্নিবেশ করা হয়েছে;<br><br>(গ) দফা (গ) এর উপ-দফা (অ) এ উল্লিখিত "একটি কর চালানপত্র" শব্দগুলির পর "বা মোবাইল ব্যাংকিং সেবার ক্ষেত্রে অনলাইন নোটিফিকেশন বা স্টেটমেন্ট" শব্দগুলি সন্নিবেশ করা হয়েছে; | ব্যবসা-বাণিজ্য সহজীকরণ এবং মূল্য সংযোজন কর আইনের পদ্ধতিগত ও প্রয়োগিক জটিলতা নিরসনের লক্ষ্যে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ১১. | বিধি ৪৭ এর প্রতিস্থাপন | বিধি ৪৭ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"(১) নিবন্ধিত উৎপাদনকারী ও সেবা প্রদানকারী ব্যক্তি ফরম 'মূসক-৯.১' এ নিবন্ধিত ব্যবসায়ী 'মূসক-৯.১.১' এ মূল্য সংযোজন কর দাখিলপত্র এবং তালিকাভুক্ত ব্যক্তি ফরম 'মূসক-৯.২' এ টার্নওভার কর দাখিলপত্র পেশ করিবেন।"; | ব্যবসা-বাণিজ্য সহজীকরণ এবং মূল্য সংযোজন কর আইনের পদ্ধতিগত ও প্রয়োগিক জটিলতা নিরসনের লক্ষ্যে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |
| ১২. | বিধি ৫৭ এর সংশোধন | বিধি ৫৭ এর উপ-বিধি (১), (২), (৩) ও (৪) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পরিবর্তে "কমিশনার বা মহাপরিচালক" শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে; | কূটনৈতিক ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত কর Duty Draw Back and Exemption Office (DEDO) কর্তৃক ফেরত প্রদানের বিধান আইনে ইতোমধ্যে অন্তর্ভূক্ত করা হয়েছে। বর্ণিতাবস্থায়, আইনের সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে এই প্রতিস্থাপন করা হয়েছে; |
| ১৩. | বিধি ৯৯ এর উপ-বিধি (১) প্রতিস্থাপন | বিধি ৯৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"(১) আপিল কমিশনারেট বা আপিল ট্রাইবুনালে বা সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে বা আপিল বিভাগে নিষ্পন্নাধীন কোনো বিরোধ আইনের ধারা ১২৫ এর অধীন বিকল্প উপায়ে নিষ্পত্তি করিতে চাহিলে সংশ্লিষ্ট নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য বা তালিকাভুক্ত বা তালিকাভুক্তিযোগ্য ব্যক্তিকে সংশ্লিষ্ট কমিশনার (আপিল) বা প্রেসিডেন্ট (আপিলাত ট্রাইব্যুনাল), বা ক্ষেত্রমত, সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগ, যাহাই প্রযোজ্য হয়, বিরোধীয় বিষয় সংশ্লিষ্ট প্রাসঙ্গিক দলিলাদিসহ ফরম 'মূসক-১৭.১' এ-<br>(ক) আপিল কমিশনারেট বা আপিল ট্রাইবুনালে বিচারাধীন মামলা বা বিরোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট | ব্যবসা-বাণিজ্য সহজীকরণ এবং বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতি সহজীকরণের নিমিত্তে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | কমিশনার (আপিল) বা প্রেসিডেন্ট (আপিলাত ট্রাইব্যুনাল); অথবা<br>(খ) সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগে বিচারাধীন মামলা বা বিরোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ এর নিকট ৩ (তিন) প্রস্থে আবেদন করিতে হইবে।”; | |
| ১৪. | বিধি-১১১ এর সংশোধন | বিধি ১১১ এর দফা (ঙ) এ উল্লিখিত “৫ (পাঁচ) হাজার” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “১ (এক) হাজার” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে; | আইনের অন্যান্য বিধানের সাথে সামঞ্জস্যতা আনয়ন ও করণিক ত্রুটি সংশোধনের লক্ষ্যে এই সংশোধনী আনায়ন করা হয়েছে। |

**(খ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন সংশোধিত বা প্রতিস্থাপিত ফরম নিম্নরূপঃ**

| ক্রমিক নং | মূসক ফরম | প্রস্তাবিত সংশোধন | ফরমের বিষয় |
|---|---|---|---|
| ১. | ফরম মূসক-২.১, মূসক-২.৩ এবং মূসক-৯.২ এ কতিপয় সংশোধনী | ফরম মূসক-২.১, মূসক-২.৩ এবং মূসক-৯.২ এ কতিপয় সংশোধনী আনয়ন করা হয়েছে। | কর সংক্রান্ত বিধিবিধান ও হিসাব সংরক্ষণ পদ্ধতি সহজীকরণ, আইন ও বিধির সাথে সামঞ্জস্য আনয়ন এবং করণীক ত্রুটি সংশোধনের লক্ষ্যে ফরম এ কতিপয় সংশোধনী আনায়ন এবং দুটি নতুন ফরম প্রণয়ন করা হয়েছে। |
| ২. | মূসক-৪.৩.১, মূসক-৯.১.১ | নতুন মূসক-৪.৩.১, মূসক-৯.১.১ ফরম প্রণয়ন করা হয়েছে | |

**০৪। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২, The Excise & Salt Act. 1944, উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোপ ও আদায়) আইন, ২০১৫ এবং মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় যে সকল প্রজ্ঞাপন ও সাধারণ আদেশ জারি করা হয়েছে, তার তালিকা:**

**(ক) প্রজ্ঞাপনসমূহের তালিকাঃ**

(১) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৫-আইন/২০২৬/৩৩০-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ কতিপয় প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে;

(২) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৬-আইন/২০২৬/৩৩১-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে ৪ (চার) লক্ষ টাকা পর্যন্ত ডেবিট বা ক্রেডিট যেকোন ব্যাংক স্থিতির উপর (বছরের যে কোন সময়) আবগারি শুল্ক অব্যাহতি প্রদান এবং একটি লোন একাউন্টের ক্ষেত্রে বছরে শুধুমাত্র একবারই আবগারি শুল্ক কর্তন করার বিধান প্রণয়ন করে সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(৩) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৭-আইন/২০২৬/৩৩২-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে আমদানি, আমদানি ও উৎপাদন, উৎপাদন, সেবা ও ব্যবসায়ী পর্যায়ে প্রতি বছরের ন্যায় বিভিন্ন ক্ষেত্রে অব্যাহতি প্রদানপূর্বক পূর্বের অব্যাহতি প্রজ্ঞাপন রহিত করে নূতন প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(৪) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৮-আইন/২০২৬/৩৩৩-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ এর সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(৫) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৯-আইন/২০২৬/৩৩৪-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে তামাকজাত পণ্যের সর্বোচ্চ খুচরা মূল্য ও সম্পূরক শুল্কের হার সংক্রান্ত বিদ্যমান প্রজ্ঞাপন এসআরও নং-১৪৭-আইন/২০২০/১০৮-মূসক, তারিখঃ ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ রহিত করে নতুন প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(৬) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩০-আইন/২০২৬/৩৩৫-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে বিড়ির উপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(৭) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩১-আইন/২০২৬/৩৩৬-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে বিড়ির সর্বোচ্চ খুচরা মূল্য ও সম্পূরক শুল্কের হারের বিষয়টি নিশ্চিতকল্পে সম্পূরক শুল্ক অব্যাহতি প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং-১৫৫-আইন/২০২০/১১৬-মূসক, তারিখঃ ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ এর সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(৮) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩২-আইন/২০২৬/৩৩৭-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সেবার ব্যাখ্যা সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মূসক, ১৩ জুন ২০১৯ খ্রিঃ এর আওতাধীন সেবার কোড S০৬০.০০ ও S০৭৭.০০ এর আওতায় **"নিলামকৃত পণ্যের ক্রেতা"** এবং **"ট্যুর অপারেটর"** সেবার ব্যাখ্যায় প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে। একইসাথে, নতুন সেবার কোড হিসেবে S৮৩.০০ এর আওতায় **"সেমিকন্ডাক্টর অ্যাসেম্বলি, টেস্টিং ও প্যাকেজিং সেবা"** এর সংজ্ঞা সংযোজনপূর্বক একটি সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(৯) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৩-আইন/২০২৬/৩৩৮-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানসমূহকে প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ এ উল্লিখিত ওয়াসার মতো ইপিজেডের সকল শিল্প প্রতিষ্ঠানকে বিকল্প উপায়ে পানি সরবরাহ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে রেয়াতি সুবিধা প্রদানের লক্ষ্যে প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ এ প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক একটি সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(১০) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৪-আইন/২০২৬/৩৩৯-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-২২৯-আইন/২০১৯/৬৫-মূসক, তারিখ: ৩০ জুন, ২০১৯ খ্রিঃ এর মাধ্যমে মোবাইল ফোন উৎপাদন ও সংযোজনের ক্ষেত্রে শর্তসাপেক্ষে অব্যাহতি সুবিধা সংক্রান্ত প্রজ্ঞাপনের টেবিলসমূহে কতিপয় শর্ত ও ব্যাখ্যা সংযোজনপূর্বক উক্ত প্রজ্ঞাপনের মেয়াদ **৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করে একটি সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;**

(১১) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৫-আইন/২০২৬/৩৪০-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৯-আইন/২০২১/১৪৬-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ এ ব্লেন্ডার, জুসার, মিক্সার, গ্রাইন্ডার, ইলেক্ট্রিক কেটলি, আয়রন, রাইস কুকার, মাল্টি কুকার, প্রেসার কুকার এর পাশপাশি সমজাতীয় পণ্য **ইলেক্ট্রিক কুকার, ইন্ডাকশন কুকার, ইনফ্রারেড কুকার, ওয়াটার পিউরিফায়ার ও ওয়াটার হিটার/গিজারকেও রেয়াতী সুবিধার আওতায় অন্তর্ভুক্ত করে একটি সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;**

(১২) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৬-আইন/২০২৬/৩৪১-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে প্রযুক্তি খাতে স্থানীয় শিল্পের বিকাশের লক্ষ্যে প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫০-আইন/২০২১/১৪৭-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ এর মেয়াদ **৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করে একটি সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;**

(১৩) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৭-আইন/২০২৬/৩৪২-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৫-আইন/২০২২/১৭৮-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ এর আওতায় ৩০০০ সিসি পর্যন্ত মোটরকার, মোটর ভেহিক্যাল, হাইব্রিড গাড়ি, প্লাগইন হাইব্রিড গাড়ি, সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্স এবং ফোর হুইলার সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্সসহ অন্যান্য থ্রি **হুইলার** ও ফোর হুইলার ইলেকট্রিক ভেহিক্যাল, ইলেকট্রিক বাস ও ইলেকট্রিক ট্রাককে রেয়াতি সুবিধা প্রদান এবং প্রজ্ঞাপনে নতুন শর্ত সংযোজনপূর্বক পূর্বের প্রজ্ঞাপনটি রহিত করে একটি নতুন প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(১৪) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৮-আইন/২০২৬/৩৪৩-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে প্রজ্ঞাপন এসআরও নং-১৬৪-আইন/২০২৫/২৯২-মূসক, তারিখ: ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ এর সংশোধনী আনয়নপূর্বক ফেরো-ম্যাঙ্গানিজ, ফেরো-সিলিকো-ম্যাঙ্গানিজ এ্যালয় ও ফেরো-সিলিকন এ্যালয় এর ক্ষেত্রে সুনির্দিষ্ট করের পরিমাণ যৌক্তিকীকরণ করে একটি সংশোধিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(১৫) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৩৯-আইন/২০২৬/৩৪৪-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে আগাম কর অব্যাহতি প্রদান সংক্রান্ত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-১৮১-আইন/২০২৫/৩০৯-মূসক, তারিখঃ ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ এ কতিপয় সংশোধনী আনয়নপূর্বক একটি সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(১৬) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪০-আইন/২০২৬/৩৪৫-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে **উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২৫** এ কতিপয় সংশোধনী আনয়নপূর্বক একটি সংশোধনী প্রজ্ঞাপন জারী করা হয়েছে;

(১৭) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪১-আইন/২০২৬/৩৪৬-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সমুদ্রগামী জাহাজ আমদানির ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন নং-৩৭১-আইন/২০২৫/৩২৪-মূসক, তারিখ: ১৭ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি: এ কতিপয় শর্ত সংশোধনপূর্বক অব্যাহতি সুবিধার মেয়াদ ৩০ জুন, ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করে একটি সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(১৮) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪২-আইন/২০২৬/৩৪৭-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে মেট্রোরেল সেবার উপর মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং-৪৮০-আইন/২০২৫/মূসক, তারিখ: ২৩ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ এর **মেয়াদ ৩০ জুন, ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত বর্ধিত করে একটি সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;**

(১৯) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৩-আইন/২০২৬/৩৪৮-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে এলপি গ্যাস এর আমদানি পর্যায়ে আরোপনীয় ৭.৫% শতাংশের অতিরিক্ত

মূল্য সংযোজন কর অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপনের মেয়াদ **৩০ জুন, ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত** বর্ধিত করে একটি **একটি সংশোধনী প্রজ্ঞাপন জারি করা হয়েছে;**

(২০) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৪-আইন/২০২৬/৩৪৯-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে শতভাগ রপ্তানিমুখী শিল্পে ব্যবহৃত হয় এরূপ ক্যাপটিভ পাওয়ারের ক্ষেত্রে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রমের জন্য ক্রয়কৃত প্রাকৃতিক গ্যাসের বিপরীতে প্রযোজ্য ১৫ শতাংশ মূসক কতিপয় শর্ত সাপেক্ষে **৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত** অব্যাহতি প্রদান করে একটি নতুন প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(২১) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৫-আইন/২০২৬/৩৫০-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে বাংলাদেশ হাইটেক পার্ক ও বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল এ বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহকে কতিপয় সেবার বিপরীতে একই ধরণের রেয়াতি সুবিধা প্রদানের লক্ষ্যে ইতোপূর্বের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৯০-আইন/২০১৯/ ৪৭-মূসক এবং প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৯১-আইন/২০১৯/৪৮-মূসক রহিত করে সমন্বিতভাবে একটি নতুন প্রজ্ঞাপন জারি করা হয়েছে এবং উক্ত অব্যাহতি সুবিধার মেয়াদ **৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত** নির্ধারণ করা হয়েছে;

(২২) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৬-আইন/২০২৬/৩৫১-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, ফ্রিজার ও কম্প্রেসরের উৎপাদনের ক্ষেত্রে স্থানীয় উৎপাদন পর্যায়ে বিদ্যমান ১৫ (পনের) শতাংশ মূসকের পরিবর্তে ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশ মূসক অব্যাহতি এবং উক্ত পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) অব্যাহতি প্রদান করে একটি নতুন প্রজ্ঞাপন জারি করা হয়েছে এবং উক্ত অব্যাহতি সুবিধার মেয়াদ **৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত** নির্ধারণ করা হয়েছে;

(২৩) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৭-আইন/২০২৬/৩৫২-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে উদ্ভাবনী প্রযুক্তিকে উৎসাহিত করার লক্ষ্যে নিবন্ধিত স্টার্টআপ স্যান্ডবক্স প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করে একটি নতুন প্রজ্ঞাপন জারি করা হয়েছে:

(ক) স্থানীয় পর্যায়ে সমুদয় মূল্য সংযোজন কর;
(খ) সেবা আমদানির বিপরীতে সমুদয় মূল্য সংযোজন কর; এবং
(গ) স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণের ক্ষেত্রে স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী সেবার বিপরীতে সমুদয় মূল্য সংযোজন কর;

উক্ত রেয়াতী সুবিধার সময়সীমা **৩০ জুন, ২০৩৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত** নির্ধারণ করা হয়েছে; এবং

(২৪) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৮-আইন/২০২৬/৩৫৩-মূসক, তারিখ: ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে তামাকজাত পণ্য সিগারেট, বিড়ি, চুরুট, জর্দ্দা, গুল, খৈনী, সাদাপাতা, সিগার, হুক্কা ইত্যাদির পাশাপাশি **Nicotine Pouch ও Heated Tobacco** এর উপর স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ আরোপের লক্ষ্যে প্রজ্ঞাপন এসআরও নং-১৯৪-আইন/২০১৭/১৮-মূসক, তারিখ: ১৮ জুন, ২০১৭ খ্রি: এ প্রয়োজনীয় সংশোধনী অনয়নপূর্বক একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

**(খ) সাধারণ আদেশসমূহের তালিকাঃ**

(১) সিগারেটের খুচরা মূল্য ও সম্পূরক শুল্কহার সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন স্ট্যাম্প/ব্যান্ডরোলের ব্যবহার এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ সংক্রান্ত বিদ্যমান আদেশ নং-০১/মূসক/২০২৫, তারিখ: ০৯ জানুয়ারি, ২০২৫ খ্রি: রহিতপূর্বক নতুন সাধারণ আদেশ নং-০২/মূসক/২০২৬, তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ জারি করা হয়েছে;

(২) বিড়ি খাতে ব্যান্ডরোলের ব্যবহার এবং খুচরা মূল্য ও সম্পূরক শুল্কের ভিত্তিতে ভ্যাট ও সম্পূরক শুল্ক আদায়ের দিক-নির্দেশনা সংক্রান্ত বিদ্যমান আদেশ নং-০৭/মূসক/২০২০, তারিখ: ১১ জুন, ২০২০ খ্রি: এ কতিপয় সংশোধনী আনয়নপূর্বক সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০২৬, তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ জারি করা হয়েছে;

(৩) আইনের সাথে সামঞ্জস্য আনয়নপূর্বক করণীক ত্রুটি সংশোধনের লক্ষ্যে বিদ্যমান আগাম কর সংক্রান্ত সাধারণ আদেশ নং-১০/মূসক/২০২০ তারিখ: ১১ জুন, ২০২০ খ্রিঃ এ প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক সাধারণ আদেশ নং-০৪/মূসক/২০২৬; তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ জারি করা হয়েছে;

(৪) অনলাইনে পণ্য বিক্রয় সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায় বিষয়ে দিক-নির্দেশনা প্রদান সংক্রান্ত বিদ্যমান ব্যাখ্যাপত্রটি (ব্যাখ্যাপত্র নং-০২/মূসক/২০১৯, তারিখ: ২২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ) রহিত করে সাধারণ আদেশ নং-০৫/মূসক/২০২৬; তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ জারি করা হয়েছে;

(৫) শতভাগ রপ্তানিকারক, প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং ইপিজেড এ অবস্থিত প্রতিষ্ঠান কর্তৃক মূসক অব্যাহতি সুবিধা গ্রহণের পদ্ধতি সংক্রান্ত সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখঃ ২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ এ কতিপয় সংশোধনী আনয়নপূর্বক একটি সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০২৬; তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ জারি করা হয়েছে; এবং

(৬) ডিরেক্ট অপারেটর বিলিং (DOB) সেবার ক্ষেত্রে প্রাপ্ত পণের বিপরীতে মূসক ও সম্পূরক শুল্ক আদায়, জমাদান, উৎসে কর কর্তন এবং সমন্বয় সংক্রান্ত একটি নতুন সাধারণ আদেশ নং-০৭/মূসক/২০২৬; তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ জারি করা হয়েছে।

**০৫। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় যে সকল প্রজ্ঞাপন বাতিল করা হয়েছে করা হয়েছে, তার তালিকা:**

(১) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল এ বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহকে রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৯০-আইন/২০১৯/৪৭-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ;

(২) হাইটেক পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহকে রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৯১-আইন/২০১৯/৪৮-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ;

(৩) মোটরকার ও মোটরভেহিক্যাল উৎপাদনকারী প্রতিষ্ঠানকে প্রদত্ত রেয়াতি সুবিধা সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৫-আইন/২০২২/১৭৮-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ;

(৪) সিগারেট ও বিড়ির উপর সর্বোচ্চ খুচরামূল্য নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৭-আইন/২০২০/১০৮-মূসক, তারিখ: ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ;

০৬। **মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় যে সকল নতুন প্রজ্ঞাপন করা হয়েছে করা হয়েছে, তার তালিকা:**

(১) ৩০০০ সিসি পর্যন্ত মোটরকার, মোটর ভেহিক্যাল, হাইব্রিড গাড়ি, প্লাগইন হাইব্রিড গাড়ি, সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্স এবং ফোর হুইলার সাধারণ ও আইসিইউ (ICU) অ্যাম্বুলেন্সসহ অন্যান্য থ্রি **হুইলার** ও ফোর হুইলার ইলেকট্রিক ভেহিক্যাল, ইলেকট্রিক বাস ও ইলেকট্রিক ট্রাককে উৎপাদন এর ক্ষেত্রে উৎপাদনের পর্যায় ভেদে রেয়াতী সুবিধা প্রদান করা হয়েছে;

(২) শতভাগ রপ্তানিমুখী শিল্পে ব্যবহৃত হয় এরূপ ক্যাপটিভ পাওয়ারের ক্ষেত্রে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রমের জন্য ক্রয়কৃত প্রাকৃতিক গ্যাসের বিপরীতে প্রযোজ্য ১৫ শতাংশ মূসক কতিপয় শর্ত সাপেক্ষে **৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত** অব্যাহতি প্রদান করা হয়েছে;

(৩) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল ও বাংলাদেশ হাইটেক পার্ক এ বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহকে কতিপয় সেবার বিপরীতে একই ধরনের রেয়াতি সুবিধা প্রদান করা হয়েছে;

(৪) এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, ফ্রিজার ও কম্প্রেসরের উৎপাদনের ক্ষেত্রে স্থানীয় উৎপাদন পর্যায়ে স্থানীয় উৎপাদন পর্যায়ে বিদ্যমান ১৫ (পনের) শতাংশ মূসকের পরিবর্তে ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশ মূসক অব্যাহতি এবং উক্ত পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) অব্যাহতি প্রদান করা হয়েছে;

(৫) উদ্ভাবনী প্রযুক্তিকে উৎসাহিত করার লক্ষ্যে নিবন্ধিত স্টার্টআপ স্যান্ডবক্স প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে, যথা:-

(ক) স্থানীয় পর্যায়ে ৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর;

(খ) সেবা আমদানির বিপরীতে সমুদয় মূল্য সংযোজন কর; এবং

(গ) স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণের ক্ষেত্রে স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী সেবার বিপরীতে সমুদয় মূল্য সংযোজন কর;

০৭। **উপরোক্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহে মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও আগাম কর অব্যাহতি/আরোপ সংক্রান্ত উল্লেখযোগ্য সংশোধনীসমূহ আনা হয়েছে, যথা:-**

**(ক) আমদানি পর্যায়ে মূসক অব্যাহতি প্রত্যাহার:**

| **পণ্যের এইচ.এস. কোড/ সেবার কোড** | **পণ্য/সেবার নাম** | **বিদ্যমান মূসক হার** | **প্রস্তাবিত মূসক হার** |
|---|---|---|---|
| শিরোনামা সংখ্যা ০৩.০২ হতে ০৩.০৪ এর আওতাধীন | বিভিন্ন ধরণের তাজা, ঠান্ডা ও হিমায়িত মাছ | ০% | ১৫% |

| পণ্যের এইচ.এস. কোড/ সেবার কোড | পণ্য/সেবার নাম | বিদ্যমান মূসক হার | প্রস্তাবিত মূসক হার |
|---|---|---|---|
| শিরোনামা সংখ্যা ১২.১১ এর আওতাধীন | "বৃক্ষ অথবা বৃক্ষের অংশ (বীজ এবং ফলসহ), মূলতঃ সুগন্ধি তৈরি, ঔষধ তৈরি অথবা কীট পতঙ্গ ও ছত্রাক বিনাশ অথবা সমজাতীয় কাজে ব্যবহৃত হয়, তাজা অথবা শুকনা, কর্তিত, চূর্ণ অথবা গুঁড়া হউক বা না হউক (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) | ০% | ১৫% |
| শিরোনামা সংখ্যা ১৩.০১ এর আওতাধীন | "লাক্ষা; প্রাকৃতিক গাম, রজন, গাম-রজন এবং সুগন্ধ বৃক্ষ নির্যাস | ০% | ১৫% |
| 0305.59.90 | Other Dry Fish | ০% | ১৫% |
| 0508.00.00 | Coral and similar materials | ০% | ১৫% |
| 0709.99.90 | Other: Sweet corn | ০% | ১৫% |
| 0712.90.10 | Other vegetables; mixtures of vegetables: Sweet corn | ০% | ১৫% |
| 0801.31.90 | Other Cashew nuts in shell | ০% | ১৫% |
| 1301.20.00 | Gum Arabic | ০% | ১৫% |
| 1301.90.00 | Other | ০% | ১৫% |
| 2601.11.00 | Iron Ore | ০% | ১৫% |
| 2601.12.00 | | ০% | ১৫% |
| 2601.20.00 | | ০% | ১৫% |
| 3914.00.00 | Ion-exchangers based on polymers of 39.01 to 39.13, in primary forms | ০% | ১৫% |
| 3916.90.20 | Fibre re-inforced polymer (FRP) sticks and profile shapes | ০% | ১৫% |
| 3917.29.10 | Other: hoses for gas cylinder | ০% | ১৫% |
| 3926.90.92 | কম্পোজিট এলপিজি গ্যাস সিলিন্ডার | ০% | ১৫% |
| 4011.70.10 | Tyre of a kind used on agricultural tractors | ০% | ১৫% |
| 4013.90.10 | Inner tubes or rubber used on tractors | ০% | ১৫% |
| 4016.99.20 | Rubber bearing | ০% | ১৫% |
| 4703.29.00 | উডপাল্প (কেবল ভ্যাট নিবন্ধিত থার্মোসেটিং মোল্ডিং কম্পাউন্ড উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য) | ০% | ১৫% |
| 7019.90.20 | কম্পোজিট এলপিজি গ্যাস সিলিন্ডার | ০% | ১৫% |
| 7102.21.00 | Unworked or simply sawn, cleaved or bruted. | ০% | ১৫% |
| 8517.62.40 | Grandmaster clock; modulator; multiplexer; optical fibre platform | ০% | ১৫% |
| 8527.12.00 | টু-ইন-ওয়ান (সম্পূর্ণ তৈরি অবস্থায়) [কেবলমাত্র বিদ্যমান অপর্যটক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৪ এর আওতায় আমদানির ক্ষেত্রে প্রযোজ্য] | ০% | ১৫% |
| 8609.00.10 | Insulated or refer container | ০% | ১৫% |
| 8609.00.90 | Other container | ০% | ১৫% |

**(খ) আমদানি পর্যায়ে মূসক অব্যাহতি প্রদান:**

| পণ্যের এইচ.এস. কোড/সেবার কোড | পণ্য/সেবার নাম | বিদ্যমান মূসক হার | প্রস্তাবিত মূসক হার |
|---|---|---|---|
| 8421.29.30 | Dialysis filter | ১৫% | ০% |
| 8421.29.50 | Leucocyte filter | ১৫% | ০% |
| 8443.32.10 | Computer printer | ১৫% | ০% |
| 8471.30.00 | Portable automatic data processing machines, weighing not more than 10 kg, consisting of at least a central processing unit, a keyboard and a display | ১৫% | ০% |
| 8471.41.00 | Comprising in the same housing at least a central processing unit and an input and output unit, whether or not combined | ১৫% | ০% |
| 8504.40.50 | Electric Charger or Charging station | ১৫% | ০% |
| 8523.51.10 | Flash memory card or similar media, unrecorded | ১৫% | ০% |
| 8528.52.10 | Computer monitor size not exceeding 30 inch | 15% | 0% |

**(গ) সিগারেট এর উপর নিম্নবর্ণিত হারে সর্বোচ্চ খুচরা মূল্য ও সম্পূরক শুল্ক নির্ধারণ করা হয়েছে, যথা:-**

| স্তর | বিদ্যমান মূল্য (টাকা) | প্রস্তাবিত মূল্য (টাকা) | করের পরিমান |
|---|---|---|---|
| নিম্ন | ৬০ | ৬২ | ৮৩% |
| মধ্যম | ৮০ | ৯২ | ৮৩% |
| উচ্চ | ১৪০ | ১৬০ | ৮৩% |
| অতি উচ্চ | ১৮০ | ২১০ | ৮৩% |

**(ঘ) Nicotine Pouch এবং Heated Tobacco এর উপর নিম্নবর্ণিত হারে সর্বোচ্চ খুচরা মূল্য ও সম্পূরক শুল্ক নির্ধারণ করা হয়েছে, যথা:-**

| পণ্য সামগ্রীর বিবরণ | সর্বোচ্চ খুচরা মূল্য | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার |
|---|---|---|
| Nicotine Pouch | ৫০০ টাকা (প্রতি ১০ গ্রাম) | ৪০% |
| Heated Tobacco | ২১০ টাকা (প্রতি ১০ শলাকা) | ৬৭% |

**(ঙ) অপ্রক্রিয়াজাত তামাক এর অব্যাহতি প্রত্যাহারপূর্বক নিম্নবর্ণিত হারে মূসক নির্ধারণ করা হয়েছে, যথা:-**

| **পণ্য সামগ্রীর বিবরণ** | **বিদ্যমান মূসক হার** | **প্রস্তাবিত মূসক হার** |
|---|---|---|
| Semi Processed Tobacco (নিজস্ব ইউনিট হতে প্রসেসিং ব্যতীত) | ০% | ৫০ টাকা (প্রতি কেজি) |

**(চ) দেশে উৎপাদিত সৌন্দর্য্য অথবা ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী, সানস্ক্রিন বা সানট্যাগ সামগ্রী, হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীর নিম্নোক্ত হারে সম্পূরক শুল্ক যৌক্তিকীকরণ করা হয়েছে, যথা:-**

| **পণ্য সামগ্রীর বিবরণ** | **বিদ্যমান সম্পূরক শুল্ক হার (%)** | **প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার (%)** |
|---|---|---|
| ওষ্ঠাধার প্রসাধন সামগ্রী | ১০ | ৫ |
| চক্ষু প্রসাধন সামগ্রী | ১০ | ৫ |
| হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রী | ১০ | ৫ |
| পাউডার, চাপযুক্ত হউক বা না হউক | ১০ | ৫ |

**(ছ) জুয়েলারী সেবার ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে মূসক নির্ধারণ করা হয়েছে, যথা:-**

| **পণ্য সামগ্রীর বিবরণ** | **বিদ্যমান মূসক হার** | **প্রস্তাবিত সুনির্দিষ্ট মূসক** |
|---|---|---|
| জুয়েলারি | ৫% | ২৫০০ টাকা (প্রতি ভরি) |

**(জ) শিরোনামা সংখ্যা ৭২.১৩ হতে ৭২.১৬ এর আওতাধীন বিভিন্ন ধরণের "এম.এস প্রোডাক্ট" এর উৎপাদন পর্যায় নিম্নবর্ণিত হারে সুনির্দিষ্ট কর আরোপিত রয়েছে। যথাযথ রাজস্ব আহরণের লক্ষ্যে বিষয়টি নিম্নবর্ণিত টেবিলের কলাম (৩) এর প্রস্তাব অনুযায়ী যৌক্তিকীকরণ করা যায়, যথা:-**

| **বিবরণ** | **বিদ্যমান সুনির্দিষ্ট করের পরিমাণ** | **প্রস্তাবিত সুনির্দিষ্ট করের পরিমাণ** |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| (ক) ফেরো-ম্যাঙ্গানিজ ও ফেরো-সিলিকো-ম্যাঙ্গানিজ এ্যালয় | ১,২০০ টাকা (প্রতি মে: টন) | ১৫০০ টাকা (প্রতি মে: টন) |
| (খ) ফেরো-সিলিকন এ্যালয় | ১,৫০০ টাকা (প্রতি মে: টন) | ১,৯০০ টাকা (প্রতি মে: টন) |
| (গ) স্ক্র্যাপ/শীপ স্ক্যাপ | ১২০০ টাকা (প্রতি মে: টন) | ১৫০০ টাকা (প্রতি মে: টন) |
| (ঘ) আমদানি/স্থানীয়ভাবে সংগৃহীত রি-রোলেবল স্ক্র্যাপ হইতে প্রস্তুতকৃত এম.এস পণ্য | ১৭০০ টাকা (প্রতি মে: টন) | ২১০০ টাকা (প্রতি মে: টন) |

| বিবরণ | বিদ্যমান সুনির্দিষ্ট করের পরিমাণ | প্রস্তাবিত সুনির্দিষ্ট করের পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (ঙ) আমদানিকৃত/স্থানীয়ভাবে সংগৃহীত মেলটেবল স্ক্র্যাপ হইতে প্রস্তুতকৃত সকল প্রকার বিলেট ও ইনগট | ১৫০০ টাকা (প্রতি মে: টন) | ১৯০০ টাকা (প্রতি মে: টন) |
| (চ) বিলেট/ ইনগট হইতে প্রস্তুতকৃত এম.এস. পণ্য | ১৬০০ টাকা (প্রতি মে: টন) | ২০০০ টাকা (প্রতি মে: টন) |
| (ছ) গর্দা/মেলটেবল স্ক্র্যাপ হইতে প্রস্তুতকৃত ইনগট/বিলেট এবং ইনগট/বিলেট হইতে প্রস্তুতকৃত এম.এস. পণ্য | ২৭০০ টাকা (প্রতি মে: টন) | ৩৪০০ টাকা (প্রতি মে: টন) |

**(ঝ)** সিমকার্ড বা **e-SIM** সরবরাহকারী সেবার বিপরীতে প্রযোজ্য সুনির্দিষ্ট কর প্রত্যাহার **করা হয়েছে:**

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবার নাম | বিদ্যমান মূল্য সংযোজন করের পরিমাণ | প্রস্তাব |
|---|---|---|---|---|
| S০১২ | S০১২.২০ | সিম কার্ড বা e-SIM সরবরাহকারী | ৩০০ টাকা (প্রতিটি সিম কার্ড বা প্রতিটি e-SIM) | সুনির্দিষ্ট কর প্রত্যাহার পূর্বক সরবরাহ মূল্যের উপর ১৫% মূসক আরোপ |

**(ঞ) আবগারি কর এক্সাইজ ডিউটি যৌক্তিকীকরণ করা হয়েছে, যথা:-**

| আইটেমের নাম | বিদ্যমান অব্যাহতি সীমা | প্রস্তাবিত অব্যাহতি সীমা |
|---|---|---|
| ব্যাংক হিসাবের স্থিতির পরিমাণ | ৩ লক্ষ টাকা পর্যন্ত | ৪ লক্ষ টাকা পর্যন্ত |

**(ট) কৃষিখাতে অব্যাহতি প্রদান করা হয়েছে, যথা:-**

| ক্র.নং | আইটেমের নাম | বিদ্যমান মূসক হার | প্রস্তাবিত মূসক হার | যে পর্যায়ে অব্যাহতি প্রদান করা হয়েছে |
|---|---|---|---|---|
| ১ | ৫ টি সার:<br>Zinc Sulphate (Fertilizer)<br>Zinc salts as fertilizer<br>Disodium Tetraborates (Fertilizer)<br>Solubor born<br>Magnesium Sulphate (Fertilizer) | ৭.৫% | ০% | ব্যবসায়ী পর্যায়ে |
| ২ | ৩ টি কীটনাশক:<br>(3808.61.00, 3808.62.00, 3808.69.00) | ৭.৫% | ০% | আগাম কর আমদানি পর্যায়ে |

**(ঠ) স্বাস্থ্য খাতে অব্যাহতি প্রদান করা হয়েছে, যথা:-**

| ক্র.নং | আইটেমের নাম | বিদ্যমান মূসক হার | প্রস্তাবিত মূসক হার | যে পর্যায়ে অব্যাহতি প্রদান করা হয়েছে |
|---|---|---|---|---|
| ১ | হার্টের রিং/স্টেন্ট এবং চোখের ইন্ট্রাওকুলার লেন্স | ১০% | ০% | যোগানদার পর্যায়ে |
| ২ | কিডনী রোগীদের চিকিৎসায় ব্যবহার্য Blood Tubing Set for Hemodialysis | ৭.৫% | ০% | আগাম কর আমদানি পর্যায়ে |

**(ড) কমিশনের উপর মূসক আরোপ করা হয়েছে, যথা:-**

| ক্র.নং | আইটেমের নাম | বিদ্যমান মূসক হার | প্রস্তাবিত মূসক হার |
|---|---|---|---|
| ১ | ট্যুর অপারেটর | ১৫% | কমিশনের উপর ১৫% ভ্যাট |

**(ঢ) অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে, যথা:-**

| ক্র.নং | আইটেমের নাম | বিদ্যমান মূসক হার | প্রস্তাবিত মূসক হার | যে পর্যায়ে অব্যাহতি প্রদান করা হয়েছে |
|---|---|---|---|---|
| ১ | বাছাইকৃত ও অবাছাইকৃত গার্মেন্টস ওয়েস্ট বা ঝুট | ১০% | ০% | যোগানদার পর্যায়ে |
| ২ | Solubor boron | ১৫% | ০% | উৎপাদন পর্যায় |
| ৩ | Broken or Sclotched Flax Fiber, Flax Fiber ও Hemp Fiber | ৭.৫% | ০% | আগাম কর |

০৮। মাননীয় অর্থমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এর বাজেট বক্তৃতা, অর্থবিল, ২০২৬ এবং বর্ণিত নতুন প্রজ্ঞাপন ও আদেশসমূহ এ নির্দেশনার সাথে প্রেরণ করা হলো। অর্থবিল, ২০২৬ এ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সম্পর্কিত অংশ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর সংশোধনী এবং বাজেট সম্পর্কিত উপরিউক্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহের আলোকে যথাযথ সরকারি রাজস্ব আহরণের স্বার্থে অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে, এ সকল বিষয়ে কোন প্রকার ভুল-ভ্রান্তি, অসংগতি বা বিশ্লেষণের প্রয়োজন অনুভূত হলে তা জরুরি ভিত্তিতে আগামী ১৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের নজরে আনার জন্য অনুরোধ করা হলো।

১০। এই নির্দেশিকা মাঠ পর্যায়ের ভ্যাট ও কাস্টমস কর্মকর্তাদের ভ্যাট বিষয়ে বাজেটে গৃহীত প্রস্তাবনাসমূহ সহজে অনুধাবন করার লক্ষ্যে একটি দলিল মাত্র। এ কারণে বিবেচ্য নির্দেশিকায় বর্ণিত বিষয়সমূহ সহ সংশ্লিষ্ট আইন, বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশসমূহ মনোযোগ সহকারে পাঠপূর্বক তা সহকর্মীদের নিয়ে আলোচনার মাধ্যমে জানিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১১। এই নির্দেশনার কোন অসংগতির ক্ষেত্রে জারীকৃত অর্থবিল, বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশসমূহ অনুসরণীয় হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**( মোঃ আজিজুর রহমান )**
সদস্য (মূসক-নীতি)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (গ্রেড-১), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
২। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৪-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার/ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা/বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।
১৯-২০। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর মূসক, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
২১। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, পাহাড়তলী, চট্টগ্রাম।
২২-২৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল), চট্টগ্রাম/ ঢাকা-১/ঢাকা-২/খুলনা।
২৬-২৮। প্রকল্প পরিচালক, বন্ড অটোমেশন প্রকল্প/ন্যাশনাল সিংগেল উইন্ডো প্রকল্প, কাকরাইল/CMID project, ঢাকা।
২৯। পরিচালক, কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা ও IVAS Administrative Unit, কাকরাইল, ১৬০/এ, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০২.১৬/১৪৮, তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ**

১। মহাপরিচালক, কাস্টমস, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
২-৯। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/মংলা/বেনাপোল/আইসিডি-কমলাপুর/পানগাঁও/আইসিডি-চট্টগ্রাম/ভোমরা।
১০-১২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা(উত্তর)/(দক্ষিণ)/চট্টগ্রাম।
১৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

**স্বাক্ষরিত/-**
**[ ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী ]**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
E-mail: bodruzzamannit@gmail.com